

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
.....
অতঃপর তোমার নিকট সত্তা স্ববাদ এসে যাওয়ার পর যদি
এই কাহিনী সম্পর্কে তোমার সাথে কেউ বিবাদ করে, তাহলে
বল-এসো, আমরা তাকে নেই আমাদের পুত্রদের এবং
তোমাদের পুত্রদের এবং আমাদের ভ্রাতাদের ও তোমাদের নিজস্বদের
আর ভ্রাতৃগণ চম আমরা সবাই মিলে প্রার্থনা করি এবং
ভাদের প্রতি আল্লাহর অভিশপ্ততা করি যারা মিথ্যাবাদী।
সূরা আল ইমরান ৬১

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানবের সিমেন্ট
শ্রাদ্ধবৎ সিমেন্ট
হাট্টোয় মজবুত গড়ায়

সেবা : ০১৯১০০৬৬৬৬৬, ০১৭১১০২৭৭০৪

বরিশাল ৯ মঙ্গলবার ৯ ০৪ আগস্ট ২০২৬ ৯ ২০ সফর ১৪৪৮ ৯ ২০ শ্রাবণ ১৪৩৩ ৯ ৯ম বর্ষ ৯ ৬৩ সংখ্যা ৯ ৪ পৃষ্ঠা ৯ ৫ টাকা

 সরকারি গুরুত্বপূর্ণ ভবনে সৌর প্যানেল স্থাপনের নির্দেশ প্রধানমন্ত্রীর কীর্তনখোলা ডেস্ক দেশের গুরুত্বপূর্ণ সরকারি ভবনগুলোতে পর্যায়ক্রমে সৌর প্যানেল স্থাপন করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী ২ এর পাতায় দেখুন	 মার্কোমধ্যে বিদেশ থেকে উকিঝুকি ছাড়া আ.লীগের নাশকতার মুরোদ নেই কীর্তনখোলা ডেস্ক আগামী ৫ আগস্ট (জুলাই গণঅভ্যুত্থান দিবস) ঘিরে মার্কোমধ্যে বিদেশ থেকে উকিঝুকি ছাড়া আওয়ামী লীগের নাশকতার ২ এর পাতায় দেখুন	 রাজনীতিকে সংসদের বাইরে নেওয়ার অপচেষ্টা চলছে: তথ্যমন্ত্রী কীর্তনখোলা ডেস্ক রাজনীতিকে কূট্রিমভাবে সংসদের বাইরে নিয়ে যাওয়ার অপচেষ্টা চলছে বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির ২ এর পাতায় দেখুন	 ৫ আগস্ট উপলক্ষ্যে সব শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মসূচি ঘোষণা কীর্তনখোলা ডেস্ক জুলাই গণ-অভ্যুত্থান দিবস বুধবার (৫ আগস্ট)। দিবসটি পালন উপলক্ষে দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে কর্মসূচি পালন ২ এর পাতায় দেখুন
---	---	---	--

পদ্মাসেতুর সুফল মিললেও শিল্পে আশানুরূপ অগ্রগতি নেই বরিশালে

কীর্তনখোলা রিপোর্ট

পদ্মাসেতু রাজধানীর সঙ্গে বরিশালের দূরত্ব কমালেও শিল্পায়ন হচ্ছে না যথাযথভাবে। গ্যাস না থাকা, মহাসড়ক চার বা ছয় লেন না হওয়া এবং অর্থনৈতিক অস্থিরতাসহ নানা বিষয়কে প্রতিবন্ধকতা বলে মনে করছেন সংশ্লিষ্টরা। তারা বলছেন, এ সমস্যার সমাধানে সরকার এবং বিনিয়োগকারীদের আরও আন্তরিক হতে হবে। ২২৫ বছরের প্রাচীন শহর বরিশাল, আর বিভাগের বয়স ৩৩ বছর। কিন্তু অন্য শহরের মত এখানে হয়নি তেমন শিল্পায়ন। সে কারণে বরিশাল বিভাগের শিল্পিত ভরুণদের কাজের জন্য রাজধানীসহ অন্য শহরে যেতে হচ্ছে। ২০২২



সালে পদ্মা সেতু চালুর আগে সড়ক পথে ঢাকা- বরিশাল রুটে দূরত্ব ছিলো ২৪২ কিলোমিটার। সেতু চালুর পর হয়েছে ১৬০ কিলোমিটার। সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নতির কারণে গোটা অঞ্চলে শিল্পায়ন হবে এমন ধারণা ছিল বরিশালবাসীর। কিন্তু আশানুরূপ শিল্পায়ন হয়নি বলে জানান এ ব্যবসায়ী নেতা। বরিশাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সভাপতি এবায়দুল হক চান বলেন, ‘পদ্মা সেতু কেন্দ্রিক বরিশাল তথা দক্ষিণাঞ্চলে কোনো শিল্পায়ন গড়ে ওঠেনি। এটির দুইটা কারণ, একটি হচ্ছে হোর লেন, সিঙ্গ লেন না থাকা আর গ্যাসের স্বল্পতা। এইটাই দুইটা মূল কারণ এই দক্ষিণাঞ্চলের শিল্পায়ন না হওয়া এবং উন্নতি না হওয়া।’ ১৯৬০ সালে প্রায় ১৩১ একর জমির পর প্রতিষ্ঠিত শিল্পনগরীতে প্রুটের সংখ্যা ৫০০টি। ৬৬ বছর পর ১১২ টি প্রুট এখনও খালি পড়ে আছে। পদ্মাসেতু চালুর পর বিসিকের নতুন শিল্প প্রতিষ্ঠান চালু হয়েছে মাত্র ১৫টি। বরিশাল বিসিকের উপ-সহাব্যবস্থাপক মো. নজরুল ইসলাম বলেন, ‘পদ্মা সেতু হবার পরে বরিশালের বেশ কিছু উদ্যোক্তা

বরিশাল বিসিকে প্রুট বরাদ্দ নিয়েছেন। তার মধ্যে গার্মেন্টস ফ্যাক্টরিও রয়েছে। তারা উৎপাদনে যাবার জন্য চেষ্টা করছেন, কিন্তু গ্যাস সংযোগ না থাকার কারণে এবং উন্নত যোগাযোগ ব্যবস্থা না হওয়ার কারণে তারা উৎপাদনে যেতে পারছেন না।’ শিল্পায়ন না হওয়ায় হতাশ খোদ কলকারখানা অধিনায়ক ও অর্থনৈতিক অস্থিরতাসহ নানা বিষয়কে দায়ী করলেন এই কর্মকর্তা। বরিশাল কলকারখানা অধিদপ্তরের উপ-মহাপরিদর্শক ডা. নবীন কুমার হাওলাদার বলেন, ‘বলা যেতে পারে অর্থনৈতিক অস্থিরতা, এছাড়াও ২ এর পাতায় দেখুন

এবারও এসএসসির ফলাফলের ভিত্তিতেই একাদশ শ্রেণিতে ভর্তি

কীর্তনখোলা ডেস্ক

চলতি শিক্ষাবর্ষেও উচ্চমাধ্যমিক স্তরের একাদশ শ্রেণিতে এসএসসি ও সমমানের পরীক্ষার ফলাফলের ভিত্তিতেই শিক্ষার্থী ভর্তি করা হবে। আগের মতোই কেন্দ্রীয়ভাবে অনলাইনে আবেদন গ্রহণ এবং এসএসসি ও সমমান পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং গৃহদ্রষ্ট্রমের ভিত্তিতে ভর্তি কার্যক্রম পরিচালিত হবে। আন্তর্গশিকা বোর্ড সমন্বয় কমিটির পক্ষ থেকে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে এ বিষয়ে প্রস্তাব হিসেবে পাঠানো হয়েছে। সোমবার (৩ আগস্ট) দুপুরে এসব তথ্য জানান আন্তর্গশিকা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি এবং ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ ২ এর পাতায় দেখুন

খাল খনন না করেই আড়াই কোটি টাকা ফেরত, ইউএনওকে কৈফিয়ত তলব

কীর্তনখোলা রিপোর্ট

খাল পুনঃখননের কাজ বাস্তবায়ন না করেই সরকারি কোষাগারে প্রায় আড়াই কোটি টাকার বরাদ্দ ফেরত পাঠিয়েছে বরিশাল সদর উপজেলা প্রশাসন। বিষয়টি প্রকাশ্যে আসার পর স্থানীয়দের মধ্যে ক্ষোভ ছড়িয়ে পড়েছে। একই সঙ্গে বরাদ্দের অর্থ কাজে লাগাতে না পারায় সমালোচনার মুখে পড়েছেন বরিশাল সদর উপজেলা কর্মকর্তা (ইউএনও)। এ ঘটনায় ইউএনওর কাছে কৈফিয়ত তলব করা হবে বলে জানিয়েছেন বরিশালের জেলা প্রশাসক। জানা গেছে, দুর্ঘোণ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতায় ‘অতিসরিয়দের জন্য কর্মসংস্থান কর্মসূচি’ (ইজিপিপি) থেকে ২০২৫-২৬ মরকবছরের বরিশাল সদর উপজেলার দুটি খাল পুনঃখননের জন্য মোট ২ কোটি ৫৭ লাখ ৫৭

হাজার ৭৪ টাকা বরাদ্দ দেওয়া হয়। এর মধ্যে নগরীর মরকখোলার পোল থেকে ঝড়ঝড়িয়াতলা বাজার হয়ে মাঝিবাড়ি ব্রিজ পর্যন্ত প্রায় ৬ কিলোমিটার খাল পুনঃখননের জন্য ১ কোটি ৮০ লাখ ২৮ হাজার ২৩২ টাকা এবং সদর উপজেলার



হয়নি। চরবাড়িয়ার রায়ের খাল পুনঃখননে মাত্র ৯ লাখ ১৯ হাজার ৮৪৬ টাকা ব্যয়ের হিসাব দেখিয়ে অবশিষ্ট ৬৮ লাখ ৮ হাজার ৯৯৬ টাকা এবং মরকখোলার পোল থেকে লাকুটিয়া খাল পুনঃখননের জন্য ২ এর পাতায় দেখুন

হাসিনার কর্মকাণ্ড বাংলাদেশ-ভারত সম্পর্কে ক্ষতিগ্রস্ত করতে পারে

পররাষ্ট্র উপদেষ্টা

কীর্তনখোলা ডেস্ক
পলাতক মুক্তাদগুপ্রাণ আসামি শেখ হাসিনা ৫ আগস্ট প্রকাশ্যে বক্তব্য রাখতে পারেন-সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়া এ খবরটি নিয়ে ভারতীয় হাইকমিশনারের সঙ্গে আলোচনা করেছেন প্রধানমন্ত্রীর পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির। তিনি বলেছেন, বাংলাদেশের অভ্যন্তরে অস্থিতিশীলতা সৃষ্টির উদ্দেশ্যে হাসিনার যে কোনো কর্মকাণ্ড দুই দেশের সম্পর্কের ইতিবাচক অগ্রগতিকে ক্ষতিগ্রস্ত করতে পারে। সোমবার (৩ আগস্ট) বিকেলে প্রধানমন্ত্রীর পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবিরের সঙ্গে রাজধানীর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে ভারতের নবনিযুক্ত হাইকমিশনার দিনেশ ত্রিবেদী সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে বাংলাদেশ ও ভারতের মধ্যে বিন্যমান দ্বিপাক্ষিক সম্পর্কের বিভিন্ন দিক এবং পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয় নিয়ে আলোচনা হয়। ২ এর পাতায় দেখুন

বিএনপি ও জামায়াতসহ ৩৮ দলের আয়-ব্যয়ের হিসাব জমা ইসিতে

কীর্তনখোলা ডেস্ক

বিগত পঞ্জিকা বছরের আয়-ব্যয়ের হিসাব নির্বাচন কমিশনে (ইসি) জমা দিয়েছে বিএনপি ও জামায়াতসহ ৩৮টি নির্বাহিত রাজনৈতিক দল। নির্ধারিত সময়ের মধ্যে দলগুলোর অডিট রিপোর্ট জমা দেওয়ার বিষয়টি নিশ্চিত করেছেন ইসি সচিব আখতার আহমেদ। সোমবার (৩ আগস্ট) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে নিজ কার্যালয়ে সাংবাদিকদের এ কথা বলেন তিনি। সচিব বলেন, মোট ৫৯টি নির্বাহিত রাজনৈতিক দলের মধ্যে বর্তমানে একটির কার্যক্রম স্থগিত রয়েছে। বাকি ৫৮টি দলের মধ্যে ৩৮টি তাদের আয়-ব্যয়ের হিসাব দাখিল করছে, ১৩টি দল সময় বাড়ানোর আবেদন করেছে এবং অবশিষ্ট ৮টি দল ইসি থেকে কোনো ধরনের যোগাযোগ করেনি। আইন অধ্যায়ী কোনো সাড়া না দেওয়া দলগুলোকে বিপজ্জিহ্নি নোটিশ পাঠানো হবে বলে হুমিয়ার দেন তিনি। এদিকে ২ এর পাতায় দেখুন



বাকেরগঞ্জে পরিত্যক্ত ঘরে বোমা সদৃশ বস্তুর বিস্ফোরণ, আহত তিন

বাকেরগঞ্জ প্রতিনিধি

বরিশালের বাকেরগঞ্জে পরিত্যক্ত ঘরে বোমা সদৃশ বস্তুর বিস্ফোরণে একই পরিবারের তিনজন গুরুতর আহত হয়েছেন। বিস্ফোরণের পর তাদের শরীরে আঘাত ধরে গেলো বাঁচতে বাড়ির পাশে নদীতে ঝাঁপ দেন। সোমবার (৩ আগস্ট) সকাল সাড়ে ৬টার দিকে উপজেলার ভূরাপাশ ইউনিয়ন পরিষদের পেছনে মৃত শাহা আলম হাওলাদারের বাড়িতে এ ঘটনা ঘটে। আহতরা হলেন- শাহা আলম হাওলাদারের স্ত্রী হনুকা বেগম (৬০), ছোট মেয়ে ইতি আক্তার (১৯) এবং

মেজো মেয়ের ছেলে ফাহিম (১৪)। স্বজন ও পুলিশ সূত্রে জানা গেছে, বাড়ির পরিত্যক্ত লাকড়ি রাখার ঘরে একটি বোমা সদৃশ বস্তুর বিস্ফোরণ হয়। এ সময় বাড়ির উঠানে ইটাছাঁট করাছিলেন হনুকা বেগম, তার মেয়ে ২ এর পাতায় দেখুন



রহমাতুল্লাহ সমাজ কল্যাণ সংস্থার উদ্যোগে ছাত্র জনতার গণঅভ্যুত্থানের ২য় বর্ষপূর্তি উপলক্ষ্যে অসহায় নারীদের মাঝে সেলাই মেশিন বিতরণ করা হয়

কীর্তনখোলা

বরিশালে কাঁচামরিচের কেজি ৪শ’ টাকা

কীর্তনখোলা রিপোর্ট

কাঁচামরিচ বিক্রি হচ্ছে ৪০০ টাকা, যা এক সপ্তাহ আগেও কৃষিজমিতে ফসলের ব্যাপক ক্ষতির প্রভাব পড়েছে বরিশালের সবজির বাজারে। মাত্র এক সপ্তাহের ব্যবধানে প্রায় সব ধরনের সবজির দাম বেড়ে গেছে প্রায় দ্বিগুণ। সবচেয়ে বেশি বেড়েছে কাঁচামরিচের দাম। খুচরা বাজারে প্রতি কেজি

দুর্ঘোণের অজুহাতে একটি অসামু চক্র বাজারে কৃত্রিম সংকট সৃষ্টি করে দাম বাড়িয়ে দিচ্ছে। তারা বাজারে কঠোর মনিটরিং ও নিয়ন্ত্রিত অভিযান পরিচালনার দাবি জানিয়েছেন। সোমবার নগরীর বহুমুখী পাইকারি সিটি মার্কেট ঘুরে দেখা যায়, পাইকারি বাজারেই কাঁচামরিচ প্রতি কেজি তাদের অভিযোগ, প্রাকৃতিক ২ এর পাতায় দেখুন

আমার নাম ব্যবহার করে অনিয়মের সুযোগ নেই: নুরুল হক নূর

কীর্তনখোলা রিপোর্ট

গণঅধিকার পরিষদের সভাপতি ও প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী নুরুল হক নূর বলেছেন, তার নাম ব্যবহার করে কোনো অনিয়ম বা অপকর্ম করে পার পাওয়ার সুযোগ নেই। গলাচিপা, দশমিনা ও বাউফল রুটে চলাচলকারী ‘দশমিনা এক্সপ্রেস’ নামে পরিবহনের সঙ্গে তার কোনো সম্পর্ক নেই বলেও তিনি স্পষ্ট করেছেন। সোমবার (৩ আগস্ট) নিজের ভেরিফায়েড ফেসবুক ২ এর পাতায় দেখুন

‘জুলাই ছিলো আশুতনমাখা, জুলাই ছিলো রক্ত’
মৌমিতা বিনত মিজান
৪ আগস্ট ২০২৪ ছিল বাংলাদেশের জুলাই গণঅভ্যুত্থানের ইতিহাসের সবচেয়ে রক্তক্ষয়ী এবং সহিংস দিন, যা এর পরদিনই তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারের পতন ঘটাতে সবচেয়ে বড় ভূমিকা রেখেছিল। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ডাকা সর্বাত্মক অসহযোগ আন্দোলনের প্রথম দিনে সারা দেশে
জুলাই কন্যার
নজিরবিহীন সন্ধ্যা, সহিংসতা এবং গণবিক্ষোভ ছড়িয়ে পড়ে। দেশজুড়ে ভয়াবহ সহিংসতা ও ব্যাকচ প্রাণহানিশত খানেক মানুষের মৃত্যু; সরকারি বাহিনী ও তৎকালীন ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষার্থের শিক্ষক, দক্ষিণ বাঙ্গলার প্রখ্যাত বাংলা জ্ঞানার্শনিক ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রহ্মচর্যমন্ডল কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা



উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রস্তুতকারকের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক। সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়সহ বিভাগের প্রধান পরীক্ষক, সরকারি আউলদাড়া কলেজের বাংলা প্রভাষক করি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিল্লা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি শাহরাসাত, দক্ষিণ রোড, বরিশাল 01711-264963	অব্দের লাইব্রেরি দক্ষিণ রোড, বরিশাল 01708-868515	অব্দের লাইব্রেরি দক্ষিণ রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ শাহরাসাত, দক্ষিণ রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি দক্ষিণ রোড, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি দক্ষ রোড, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি সি.এম. কলেজ, বরিশাল 01726-074663	হক লাইব্রেরি সি.এম. কলেজ, বরিশাল 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি সি.এম. কলেজ, বরিশাল 01717-488083



গৌরনদী সাংবাদিকের উপর হামলার প্রতিবাদে মানববন্ধন, গ্রেফতার দুই

গৌরনদী প্রতিনিধি

বরিশালের গৌরনদী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও দৈনিক আমাদের সময়-এর প্রতিনিধি এস.এম জুলফিকারে ওপার অতর্কিত সন্ত্রাসী হামলার প্রতিবাদে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। জানা গেছে, রোববার বিকেলে উপজেলার পুরাতন নাহার সিনেমা হলের মোড়ে চারের দোকানে বসে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে স্থানীয় মাদক ব্যবসায়ী মাসুম হাওলাদার ২ এর পাতায় দেখুন

বরিশালের ৬ রুটে আংশিক বাস চলাচল শুরু

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল সদর উপজেলার চরকাউয়া বাস মিনিবাস শ্রমিক ইউনিয়নের নির্বাচন দাবিতে শ্রমিকদের ধর্মঘটের দ্বিতীয় দিনে আংশিক বাস চলাচল শুরু হয়েছে। তবে শ্রমিক ইউনিয়নের বড় একটি অংশ ধর্মঘট চালিয়ে যাচ্ছে। এর আগে রোববার (২ আগস্ট) সকাল ৮টা থেকে ধর্মঘট শুরু করে সদর উপজেলার ২ এর পাতায় দেখুন



নির্বানকে কেন্দ্র করে আইন সংশোধনের নানা পদক্ষেপ নিয়ে নির্বাচন কমিশন। স্থানীয় সরকার নির্বাচনের আইন সংশোধনের জন্য ইতোমধ্যে বেশ কিছু প্রস্তাব তৈরি করা হয়েছে। এতে আইনসুজ্ঞা বাহিনীর সংজ্ঞা স্পষ্ট করার পাশাপাশি দৈত নাগরিকত্ব এবং ঋণখেলাপির বিষয়ে নতুন দিকনির্দেশনা যুক্ত করা হয়েছে। এ সুপারিশগুলো দ্রুতই চূড়ান্ত পর্যালোচনার জন্য স্থানীয় সরকার বিভাগে পাঠানো হবে বলে কমিশন সূত্রে জানা গেছে। নির্বাচনী প্রকৃতি ও ময়সীমা ব্যাখ্যার বিষয়ে ইসি সচিব উল্লেখ করছেন, একটি সূত্র নির্বাচন বাস্তবায়নের জন্য মূল্যত আইন ও বিধিমালা, নির্বাচনী সরঞ্জামাদি এবং কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণের মতো তিনটি প্রধান ধাপ পার হতে হয়। তফসিলি যোগাধা থেকে ভোটারের তথ্যের পর্যন্ত ৪৫ দিনের ব্যবধান রাখা হয় এবং ভোটার তালিকা চূড়ান্ত করে মণ্ডলে আরও প্রায় দেড় মাস সময়ের প্রয়োজন পড়ে। সে হিসেবে একটি পূর্ণাঙ্গ নির্বাচনের জন্য অন্তত তিন মাসের একটি ব্যাকগুয়াড ক্যালকুলেশন বা আগাম প্রকৃতি অপরিহার্য। পাশাপাশি ভোটার তালিকা হালনাগাদের অংশ হিসেবে ৩১ জুলাইয়ের মধ্যে যাদের বয়স ১৮ বছর পূর্ণ হবে, তাদের তথ্য নিয়ে কাজ চলছে বলে তিনি নিশ্চিত করেন।

বাকেরগঞ্জে পরিত্যক্ত ঘরে বোমা সদশ

ও নতি। বিক্ষোভের সঙ্গে সঙ্গে আগুনে তাদের শরীরের বিভিন্ন অংশ বলসে যায়। প্রাণ বিচ্যুতে তারা বাড়ির পরিবারে পায়রা নদীতে বাঁপ দেন। স্থানীয়রা তাদের উদ্ধার করে প্রথমে বাকেরগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে চিকিৎসকে প্রাথমিক চিকিৎসা দিয়ে আহতদের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় কলেজ চিকিৎসার জন্য বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠান। বাকেরগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক ডা. তারিকুল বলেন, আহতদের শরীরের বিভিন্ন স্থানে দম্কের ক্ষত রয়েছে। উন্নত চিকিৎসার জন্য তাদের বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়েছে। বাকেরগঞ্জ থানার এসি আদিল হোসেন বলেন, দুধলমৌ গ্রামে বোমা সদৃশ বস্তুর বিক্ষোভের ঘটনায় ভিলেন আহত হয়েছে। তারা বর্তমানে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসারীন। ঘটনাস্থলে পুলিশ মোতায়েন করা হয়েছে। কে বা কারা এবং কী উদ্দেশ্যে বস্তুটি সেখানে রেখে গেছে, তা এখনো নিশ্চিত হওয়া যায়নি। বিষয়টি তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। বরিশাল জেলার অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) মো. আলাউল হাসান ঘটনাস্থল পরিদর্শন শেষে বলেন, ঘটনাস্থল পরিদর্শন করা হয়েছে। ঢাকার বোম্ব ডিসপোজাল ইউনিটকে খবর দেওয়া হয়েছে। বিশেষজ্ঞ দল ঘটনাস্থল পরীক্ষা-নিরীক্ষা শেষে এটি কী ধরনের বিক্ষোেক ছিল এবং কীভাবে বিক্ষোেণ ঘটেছে, সে বিষয়ে নিশ্চিত তথ্য জানাতে পারবে।

৫ আগস্ট উপলক্ষে সব

করতে বসা হয়েছে। এরমধ্যে রচনা, আবুতি এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতার তাৎপর্য ভূলে ধরে আলোচনা সভার আয়োজন করতে বলা হয়েছে। সোমবার (০৩ আগস্ট) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের এক চিঠিতে এ তথ্য জানানো হয়। এ চিঠি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকে পাঠানো হয়েছে। এতে বলা হয়, মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের চিঠির মর্মমুদ্যায়ী ৫ আগস্ট ‘জুলাই গণ-অভ্যুত্থান দিবস-২০২৬’ পালন উপলক্ষে সব শিক্ষাপ্রতিষ্ঠানে রচনা, আবুতি এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং এর তাৎপর্য ভূলে ধরে আলোচনা সভা করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

রাজনীতিকে সংসদের বাইরে

উদ্দিন স্বপন। তিনি বলেন, জাতীয় সংসদকে কার্যকর করা, রাজনৈতিক বিতর্কে গণতান্ত্রিক সংস্কৃতির মধ্যে সীমাবদ্ধ রাখা এবং রাজনৈতিক প্রক্রিয়াকে মহিমান্বিত করাই হওয়া উচিত সবার প্রধান লক্ষ্য। সোমবার সকালে জাতীয় প্রেসক্লাবের তফাৎস্থানে মনোন মানিক মিয়া হলে ‘জুলাই গণ-অভ্যুত্থানের হিতীয় বর্ণপুর্তি’ উপলক্ষে বাংলাদেশ ফেডারেল স্বাবাদিক ইউনিয়ন (বিএফইউজে) ও ঢাকা সাংবাদিক ইউনিয়নের (ডিইউজে) যৌথ উদ্যোগে আয়োজিত আলোচনা সভায় তিনি

এসব কথা বলেন। তথ্যমন্ত্রী বলেন, মহান স্বাধীনতা যুদ্ধের ৫৫ বছর পরও ভোটাধিকারের জন্য মানুষকে প্রাণ দিতে হয়েছে, যা জাতির জন্য লজ্জা ও আত্মদামলোচনার বিষয়। তবে দীর্ঘ আন্দোলন ও আত্মত্যাগের মাধ্যমে জনগণ ভোটধিকার ফিরে পেয়েছে এবং সেই ম্যান্ডেটের ভিত্তিতেই বর্তমান সংসদ পরিচালিত হচ্ছে। তথ্যমন্ত্রী বলেন, এত রক্ত ও আত্মত্যাগের বিনিময়ে অর্জিত গণতন্ত্রের কেন্দ্রবিন্দু হওয়া উচিত জাতীয় সংসদ। কিন্তু দুঃখজনকভাবে এখনো রাজনীতিকে রাজপথে বা সংসদের বাইরে নিয়ে যাওয়ার অপচেষ্টা চলছে। পাশাপাশি সামাজিক যোগাযোগমাধ্যমেও সাধারণ মূল্যবোধের বাইরে গিয়ে নানা অপপ্রচার, অশ্লীলতা ও চক্রান্তের আশ্রয় নেওয়া হচ্ছে, যা কোনো শুভ লক্ষণ নয়। জুলাই সনদ বাস্তবায়নের বিষয়ে জহির উদ্দিন স্বপন বলেন, জুলাই সনদের প্রতিটি অক্ষরের সঙ্গে শহীদদের রক্ত জড়িয়ে আছে। প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে নির্বাচিত সংসদের মাধ্যমেই জুলাই সনদের শতভাগ বাস্তবায়নে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। তিনি বলেন, সংসদকে আরও কার্যকর করা, বিচার বিভাগের মর্যাদা বৃদ্ধি, দেশের সার্বভৌমত্ব রক্ষা এবং তরুণদের জন্য কর্মসংস্থান সৃষ্টি বর্তমান সরকারের অগ্রাধিকার। তথ্যমন্ত্রী বলেন, অতীতে ক্ষমতার বাইরে থেকে যেভাবে বৈরেনাশ সুশাসন ও গণতন্ত্র প্রতিষ্ঠার আন্দোলন করেছে, এখন ক্ষমতায় থেকেও সরকার একই লক্ষ্য বাস্তবায়নে কাজ করছে। শহীদদের আত্মত্যাগ তখনই সার্থক হবে, যখন গণতান্ত্রিক শক্তিশক্তির একত্রের মাধ্যমে দেশে সুশাসন নিশ্চিত করা সম্ভব হবে।

মাবেমধ্যে বিদেশ থেকে

মুরোদ নেই বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমাদ। সোমবার (৩ আগস্ট) সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা জানান। ৫ আগস্ট ঘিরে আগুামী লীগের কোনো ন্যায়কতার আশ্বাস রয়েছে কি না, এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, ‘আগুামী লীগের মুরোদ আছে বলে তো আমরা মনে হয় না। একে তো কার্যক্রম নিষিদ্ধ দল, মাফিয়া শক্তি। তারা মাঝেমাঝে বিদেশ থেকে উকিঝুঁকি দিচ্ছে, এর বেশি ভয়রতা তো বেশি না।’ পুলিশকে সতর্ক থাকার নির্দেশনা দেওয়া হয়েছে এ বিষয়ে কোনো গোয়েন্দা প্রতিবেদন আছে কি না- জানতে চাইলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ‘বিষয়টা তা নয়। আমাদের পুলিশ বাহিনীর মধ্যে এটা সবসময় চালু থাকে, যাতে আনঅ্যাটেন্ডেড কোনো ভেটিংক্যাল না রাখে।’ টিমের পুরুষ সদস্য যেন একসঙ্গে চা না খেতে যায়, টিমের পুরুষ সদস্য যেন গাড়ি দিয়ে যেনে সবাই যেন বিক্রাম না করে। কেউ না কেউ গাড়িতে অ্যাটেন্ড করবে, সব জায়গায় যাতে সতর্ক অবস্থান করে। এটা নরমাল প্র্যাকটিস, এটাকে অন্যভাবে নেওয়ার কোনো কারণ নেই।’ নতুন রূপপ্রতি নির্বাচনের বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, ‘নির্বান কমিশনের সঙ্গে যোগাযোগ করেন।’ আগামী ৫ আগস্ট উপলক্ষে সরকারের কর্মসূচি সম্পর্কে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ‘আমরা কালকেও মিটিং ডেকেছি আমাদের দলের নেতৃত্বে। এটা যুগপৎ আন্দোলনের শবিক ও অন্যান্য রাজনৈতিক দলের সবাইকে নিয়ে আমরা আগামীকাল একটা সভা করবো কৃষিবির হনসিটিংশনে। প্রধানমন্ত্রী উপস্থিত থাকবেন, আমরা দেখানো কথা বলবো।’ এমপিগির সমাবেশে হামলার বিষয়ে তদন্ত হবে কি না, এমন প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ‘তদন্তের পর জানাবো।’

সরকারি গুরুত্বপূর্ণ ভবনে সৌর

তারেক রহমান। সোমবার (৩ আগস্ট) সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর কার্যালয়ে সৌরবিদ্যুৎ-সংক্রান্ত এক সভায় তিনি এ নির্দেশ দেন। জ্বালানি সংক্রান্ত মোকাবিলা ও ন্যায়নৈয়োগ জ্বালানির ব্যবহার বাড়াতে সভায় দিনটি গুরুত্বপূর্ণ নির্দেশনা দেন প্রধানমন্ত্রী। সেগুলো হলো- প্রধানমন্ত্রীর গুরুত্বপূর্ণ সরকারি ভবনগুলোতে পর্যায়ক্রমে সৌর প্যানেল স্থাপন করা হবে; দেশে সোলার ইনভার্টার উপাদানের ব্যবহৃত কাঁচামাল আমদানিতে সরকারি সহায়তা দেওয়া হবে; সাধারণ মানুষের জন্য সৌরবিদ্যুৎ সাঙ্কায়, সহজলভ্য ও লাভজনক করে তুলতে একটি কার্যকর অর্থনৈতিক মডেল প্রণয়ন করা হবে। সভায় সিদ্ধান্ত হয়, প্রাথমিক পর্যায়ে বঙ্গভবন, তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়, জাতীয় সংসদ ভবন, বাংলাদেশ সচিবালয়ে প্রধানমন্ত্রীর দপ্তর ও অর্থ মন্ত্রণালয়ের ভবন, পরিকল্পনা কমিশন ভবনসহ অন্য গুরুত্বপূর্ণ সরকারি ভবনগুলোতে পর্যায়ক্রমে সৌর প্যানেল স্থাপন করা হবে। প্রধানমন্ত্রী বলেন, সরকারি ভবনে সৌরবিদ্যুতের ব্যবহার শুরু হলে সাধারণ মানুষের মধ্যে এ প্রকৃতি ব্যবহারে আগ্রহ বাড়বে। এ কারণে তিনি বিভিন্ন সরকারি ভবনে সৌর প্যানেল স্থাপনের নির্দেশনা দেন। সভায় প্রাণ-আরএফএল গ্রুপ ও গুয়াটিন গ্রুপ পৃথক উপস্থাপনায় আবাসিক ভবনে সৌর প্যানেল স্থাপন এবং উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রিডে যুক্ত করার বিভিন্ন দিক তুলে ধরে। প্রতিষ্ঠানগুলোর উপস্থাপনায় বলা হয়, এ উদ্যোগ বাস্তবায়িত হলে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের পাশাপাশি নতুন কর্মসংস্থানেরও সুযোগ সৃষ্টি হবে। এ প্রযুক্তির মাধ্যমে এয়ার কন্ডিশনার, লাইন, ফ্রিটফ্রিজ বিভিন্ন বৈদ্যুতিক যন্ত্রও চালানো সম্ভব। ভোক্তাদের মধ্যে সৌরবিদ্যুৎ ব্যবহারে আগ্রহ বাড়তে এর অর্থনৈতিক ও ব্যবহারিক সুবিধাগুলো ব্যাপকভাবে তুলে ধরার বিষয়ে সভায় আলোচপাত করা হয়।

বরিশালের ৬ রুটে আংশিক

চরকাউয়া বাস-মিনিবাস শ্রমিক ইউনিয়নের প্রায় ৩০০ শ্রমিক। এ মধ্যে দিনভর সময় উপজেলার চরকাউয়া বাস টার্মিনাল থেকে ডিসি রোড, লক্ষিপাশা, লাদার হাট, কাটাদিয়া, হলতা ও সিদ্দিক বাজারসহ ৬টি রুটে বাস চলাচল করে থাকে। ধর্মঘট পালন শেষে সোমবার (৩ আগস্ট) সকালে শ্রমিকদের একাংশ কাজে যোগ দেন। ৭০টি বাসের মধ্যে ১২টি বাস চলাচল শুরু করে চরকাউয়া বাস টার্মিনাল থেকে। এতে কিছুটা হলেও ভোগান্তি কমেছে যাত্রীদের। তবে আন্দোলনভিত্ত শ্রমিকদের বড় একটি অংশ এখনো নিরাচনের দারিত্তে বিকেলট ও অবস্থান কর্মসূচি পালন করছেন। আন্দোলনরত শ্রমিকরা জানিয়েছেন, মালিক পক্ষ তাদের নিজস্ব লোক দিয়ে কিছু বাস চলাচল করচ্ছে। তবে নির্বাহনের যোগ্যতা না দেওয়া পর্যন্ত বাস-মিনিবাস শ্রমিকরা আন্দোলন চালিয়ে যাবে। চরকাউয়া বাস মালিক সমিতির সভাপতি মামুন খন্দকার বলেন, শ্রমিকরা তাদের ইউনিয়নের নির্বাচনের দারিত্তে ধর্মঘট পালন করছে। তবে শ্রমিকদের একটি অংশ বাস চলাচল শুরু করেছেন। এ কারণে যাত্রীদের ভোগান্তি কিছুটা হলেও কমেছে। বাকি শ্রমিকদের কাজে ফেরানোর চেষ্টা চলছে। শিপিগিরি বাস চলাচল স্বাভাবিক হবে বলে জানান তিনি।

গৌরনদী সাংবাদিকের উপর হামলার

তার এক পরিচিত দোকানের কর্মচারীকে কুপিয়ে জখম করেন। খবর পেয়ে পৌনে ৫টার দিকে সাংবাদিক জুলফিকার ঘটনাস্থলে পৌঁছালে মাদক ব্যবসায়ী মাসুম হাওলাদার, তার ছেলে ইয়াসিন হাওলাদার, ভাই যুবদল কর্মী সবুজ হাওলাদার, পৌর ছাত্রদের আত্মায় রক্ত রসেল হাওলাদার ও রিয়াজ উলকিসহ ২০-২৫ জন সন্ত্রাসী তার ওপর চড়াও হয়ে মারধর করে এবং তার মোটরসাইকেল ভাঙচুর চালায়। পরবর্তীতে স্থানীয়রা তাঁকে উদ্ধার করে গৌরনদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। এ ঘটনার প্রতিবাদে রোববার রাতে জরুরি সভা থেকে হামলাকারীদের গ্রেফতার ও বিচারে ৫ দিনের কর্মসূচি ঘোষণা করে গৌরনদী প্রেসক্লাব। একই সাথে অভিজ্ঞ নেতাদের দল থেকে বহিষ্কার না করা হলে যুবদল ও ছাত্রদলের সংবাদ বর্জনের হুঁশিয়ার দেওয়া হয়। এ ঘটনায় আহত সাংবাদিক জুলফিকার বাদী হয়ে ৬ জনের নাম উল্লেখসহ অজ্ঞানমোা আরও ১০-১২ জনের বিরুদ্ধে গৌরনদী মডেল থানায় মামলা দায়ের করেছেন।

এদিকে, আসামিদের অবিলম্বে গ্রেফতার ও শাস্তির দাবিতে সোমবার দুপুরে বরিশাল-ঢাকা মহাসড়কের গৌরনদী বাসস্ট্যান্ডে ঘণ্টা ব্যাপি মানববন্ধন ও সমাবেশ অনুষ্ঠিত হয়। গৌরনদী প্রেসক্লাবের সভাপতি জহুরুল ইসলাম জহিরের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন সাবেক সভাপতি খোন্দকার মনিরুজ্জামান মনির, আসাদুজ্জামান রিপন, সাবেক সাধারণ সম্পাদক মো. হানিফ সরদার, খোকন আহাম্মেদ হীরা, সহ-সাধারণ সম্পাদক আমিনা আকতার সোমা, সদস্য বিএম বেলাল ও কাজী আল আমিন প্রমুখ। এ বিষয়ে গৌরনদী মডেল থানার ওসি তারিক হাসান রাসেল জানান, ঘটনার পর মামলা দায়েরের পরপরই অভিযান চালিয়ে এজহারুজ্জ্ব আসামি সবুজ হাওলাদার ও ফারুক উলিককে গ্রেফতার করা হয়েছে। বাকিদের গ্রেফতারে চেষ্টা অব্যাহত রয়েছে।

সন্তানকে সম্পত্তি দান

সুরক্ষার আওতায় আনা হয়েছে বলেও এতে জানানো হয়েছে। সংবাদ বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, ‘সম্পত্তি হস্তান্তর (হয়শোবান) আইন, ২০২৬’-এর খসড়া লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং-সাপেক্ষে চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা।

আমার নাম ব্যবহার

পেয়ে দেওয়া এক পোস্টে নুরুল হক নূর এসব কথা বলেন। পোস্টে তিনি দাবি করেন, ‘দশমিনা এক্সপ্রেস’ নামে পরিচালিত পরিবহনে অনভিজ্ঞ চালক দিয়ে ফিটনেসবিহীন গাড়ি চালানো হচ্ছে। এতে যাত্রীদের জীবন ঝুঁকির মুখে পড়ছে এবং দুর্ঘটনা ও প্রাণহানির ঘটনাও ঘটেছে বলে অভিযোগ করেন তিনি। নুরুল হক নূর আরও বলেন, তার নাম ব্যবহার করে কেউ ব্যক্তিগত স্বার্থ হাসিলের চেষ্টা করলে তা কোনোভাবেই গ্রহণযোগ্য হবে না। তিনি স্পষ্ট করেন, ওই পরিবহনের সঙ্গে তার কোনো ধরনের মালিকানা, সম্পৃক্ততা বা ব্যবসায়িক সম্পর্ক নেই। ক্ষতিগ্রস্ত ব্যক্তি ও তাদের পরিবারের সদস্যদের উদ্দেশে তিনি বলেন, কেউ যদি ওই পরিবহনের কারণে ক্ষতির শিকার হয়ে থাকেন, তাহলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ ও মামলা করতে পারেন। মামলা করা হলে ক্ষতিগ্রস্তদের সব ধরনের ব্যবস্থাপনা করা হবে বলেও আশ্বাস দেন তিনি। এদিকে নুরুল হক নূরের এই বক্তব্য সামাজিক যোগাযোগমাধ্যমে উড়িয়ে পড়ার পর গলাচিপা ও বাউফল এলাকায় বিষয়টি নিয়ে ব্যাপক আলোচনা শুরু হয়েছে।

বরিশালে কাঁচামরিচের কেজি

৩০০ টাকায় বিক্রি হচ্ছে। এছাড়া বেগুন ১৫০ টাকা, টমেটো ১২০ টাকা, গাজর ১০০ টাকা, বরবটি ৭০ টাকা, করোলা ও কীকরোল ৮০ টাকা, পটল ৫০ টাকা, মানকচু ৫০ টাকা, গাটি কচু ৪০ টাকা, শসা ৪০ টাকা, পেঁপে ৩০ টাকা, চিচিলা ২০ টাকা এবং লাউ প্রতিটি ৪৫ টাকায় বিক্রি হয়েছে। অন্যদিকে নগরীর বিভিন্ন খুচরা বাজারে এসব পণ্যের দাম পাইকারির তুলনায় কেজিপ্রতি ৫০ থেকে ১০০ টাকা পর্যন্ত বেশি রাখা হচ্ছে। ফলে খুচরা বাজারে কাঁচামরিচের দাম পৌছেছে ৪০০ টাকায়। সিটি মার্কেটের পাইকারি সবজি বিক্রেতা আমিনুল ইসলাম শুভ বলেন, ‘মাত্র এক সপ্তাহের ব্যবধানে পাইকারি বাজারেই সবজির দাম প্রায় দ্বিগুণ বেড়েছে। আগে যে কাঁচামরিচ ১০০ টাকায় বিক্রি হতো, এখন সেটিই ৩০০ টাকায় বিক্রি হচ্ছে। টানা বৃদ্ধিতে ক্ষেতের সবজি নষ্ট হয়ে যাওয়ায় বাজারে সরবরাহ কমে গেছে।’ নগরীর পুরান বাজারের খুচরা সবজি বিক্রেতা সোহাগ বলেন, ‘পাইকারি বাজারেই বেশি দামে কিনতে হচ্ছে। তাই খুচরা বাজারেও দাম বাড়তে হচ্ছে। আমরা অতিরিক্ত মুনাফা করছি না।’ নগরীর কলেজ অ্যাভিনিউ এলাকার বাসিন্দা আলমিনা বলেন, ‘এক সপ্তাহের মধ্যে কোনো পণ্যের দাম এতটা বেড়ে যাওয়া স্বাভাবিক নয়। নিয়মিত বাজার মন্দিরির হলে এবং অসাড় ব্যবসায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নিলে সাধারণ মানুষ স্ত্রি পেত।’ কৃষি সম্প্রদায় অধিদফতর বরিশাল অঞ্চলের অতিরিক্ত পরিচালক রফিকুল ইসলাম বলেন, ‘টানা বৃষ্টিপাতের কারণে বিভাগের হাজার হাজার হেক্টর জমির ফসল ক্ষতিগ্রস্ত হয়েছে। গ্রীষ্মকালীন শাক-সবজির ক্ষেত পানিতে তলিয়ে গেছে। পরে জমিদের চলে ক্ষতির পরিসরাম আরও বেড়েছে। ফলে বাজারে সবজির সরবরাহ উল্লেখযোগ্যভাবে কমে গেছে। এ কারণেই দাম বেড়েছে।’ বরিশাল বিভাগীয় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতরের উপ-পরিচালক অপুর্ব অধিকারী বলেন, ‘বৃষ্টিতে উৎপাদন ব্যাহত হওয়ায় বাজারে চাহিদার তুলনায় সরবরাহ কম রয়েছে। তারপরও বাজার নিয়ন্ত্রণে আমাদের নিয়মিত অভিযান চলছে। কোথাও অযৌক্তিকভাবে দাম বাড়ানো বা কোনো ধরনের অনিয়মের প্রমাণ পাওয়া গেলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা নেওয়া হবে।’

এবারও এসএসসির ফলাফলের

আজারুজ্জামান। তিনি বলেন, এবারও একাদশে ভর্তি প্রক্রিয়ায় ভিত্তে পরিবর্তন আসছে না। গতবারের মতো ফল বা নম্বরের ভিত্তিতে ভর্তির নিয়ম রেখে আমোদা নীতিমালার খসড়া মন্ত্রণালয়ে পাঠিয়েছি। আগামী ১০ আগস্ট এসএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ হবে। প্রথমে ২০ জুলাই ফল প্রকাশের কথা থাকলেও শিক্ষা বোর্ডগুলোর প্রকৃতি শেষ না হওয়ায় তা পিছিয়ে নেওয়া হয়। এ পরীক্ষার উত্তীর্ণ শিক্ষার্থীরা চলতি শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি হবেন। সারা দেশের উচ্চমাধ্যমিক পর্যায়ের কলেজ ও মাদ্রাসাগুলোয় একাদশ শ্রেণিতে আসন রয়েছে ২৬ লাখের বেশি। অন্যদিকে এবার এসএসসি ও সমমানের পরীক্ষায় মোট পরীক্ষার্থী ছিল ১৮ লাখ ৫৭ হাজারের বেশি। ফলে বরাবরের মতো এবারও একাদশ শ্রেণির বিপুলসংখ্যক আসন ফাঁকা থাকবে। উচ্চমাধ্যমিক কলেজ-মাদ্রাসাগুলোতে ফলের ভিত্তিতে ভর্তি কার্যক্রম চললেও নতুন ডেম কলেজ, হলিকলে কলেজের মতো চার পরিচালিত কলেজগুলোতে বেশ কয়েক বছর আগে দেওয়া আদালতের নির্দেশনা অনুযায়ী ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।



প্রকৃতি ও অর্থনীতির মিলনমেলা ভাসমান পেয়ারা বাগানে প্রাণের স্পন্দন

পিরোজপুর প্রতিনিধি

হঠাৎ বুম বৃষ্টি। বৃষ্টির ফৌয়ার মুখর খাল। সেই খালের বুক চিরে ছুটে চলছে ছোট ছোট ডিঙি নৌকা। আর নৌকাভর্তি টাটকা পেয়ারা। খালের দুই পাশে সারি সারি সবুজ পেয়ারা বাগান। কৃষকেরা সেখান থেকে পেয়ারা সজ্জাহ করে নৌকায় ভরে নিয়ে যাচ্ছেন ভাসমান হাটে। সেখান থেকে পেয়ারা ও ট্রাকে করে দেশের বিভিন্ন প্রান্তে পৌছে যাচ্ছে দক্ষিাঞ্চলের সুস্বাদু এই ফল। প্রকৃতি, কৃষি ও মানুষের জীবিকার অপূর্ব সমন্বয়ে গড়ে উঠেছে দেশের সবচেয়ে বড় ভাসমান পেয়ারা বাগান। বরিশাল বিভাগের পিরোজপুরের নেছারাবাদ (স্বরূপকাঠি) উপজেলার আটম্বর, কুড়িয়ানা, জিন্দাকাঠি, ভীমকলী, আদমকাঠি, ধলহাট এবং বালকাঠি জেলার কয়েকটি ইউনিয়নজুড়ে বিস্তৃত এ ভাসমান পেয়ারা বাগান। আষাঢ়, শ্রাবণ ও ভদ্র এই ৩ মাস জমে ওঠে পেয়ারার মৌসুম। খালের ওপর বসে ভাসমান হাট। প্রতিদিন দেশের বিভিন্ন জেলা থেকে ব্যবসায়ীরা এসে এখান থেকে পেয়ারা কিনে নিয়ে যান। সরেজমিনে দেখা যায়, দর্শনার্থীদের পচাচুরায় মুখর পুরো এলাকা। খালের বুকে সারিবদ্ধ নৌকা, চারপাশে সবুজ পেয়ারা বাগান আর ব্যস্ত ভাসমান হাট মিলিয়ে তৈরি হয়েছে মনোমুগ্ধকর পরিবেশ। নেছারাবাদ ও বালকাঠি সদর উপজেলা কৃষি অফিসের তথ্য অনুযায়ী, নেছারাবাদ উপজেলায় বর্তমানে ১ হাজার ৩৮৪ জন কৃষক প্রায় ৬০০ হেক্টর জমিতে পেয়ারা চাষ করছেন। অন্যদিকে বালকাঠি সদর উপজেলায় প্রায় ৩ হাজার কৃষক ২৯৫ হেক্টর জমিতে পেয়ারা উৎপাদন করছেন। গত বছর হেক্টরপ্রতি গড় উৎপাদন ছিল প্রায় সাড়ে ৯ টন। কৃষকেরা জানান, গত বছরের তুলনায় এ বছর পেয়ারার দাম কিছুটা বেশি। বর্তমানে প্রতি মণ পেয়ারা ৮০০ টাকায় বিক্রি হচ্ছে। তবে ভরা মৌসুমে দাম উল্লেখযোগ্যভাবে কমে যায়। স্থানীয় কৃষক ফরিদ মিয়া বলেন, গত বছরের তুলনায় এ বছর দাম একটু ভালো। তবে পেয়ারায় সিট রোগ দেখা দেওয়ায় কিছুটা ক্ষতি হয়েছে। ১ মণ পেয়ারার মধ্যে ৫-৭ কেজি পর্যন্ত বাদ দিতে হয়। পেয়ারা দ্রুত নষ্ট হয়ে যায়। সংরক্ষণের জন্য যদি সরকার হিমায়কের ব্যবস্থা করে, তাহলে কৃষকেরা আরও লাভবান হবেন। বাণেশ্বরহাটের কচুয়া থেকে পেয়ারা কিনতে আসা ব্যবসায়ী মো. রোমান বলেন, স্বাধীনতার ৩ বছর আগে থেকেই এখানে ব্যবসা করছি। এখানকার পেয়ারা দেশের অন্যতম সেরা। মিষ্টি ও সুস্বাদু হওয়ায় বাজারে এর চাহিদাও বেশি। তাই এই জায়গা থেকে পেয়ারা কিনে বাণেশ্বরহাটে গিয়ে বিক্রি করি। স্বরূপকাঠি থেকে দেশের বিভিন্ন অঞ্চলে পেয়ারা পরিবহনকারী ট্রাকচালক আব্দুর রহিম বলেন, একানকার রাস্তা সরু হওয়ায় পরিবহনে সমস্যা হয়। একটি গাড়ি পেলে আরেকটি গাড়ি চলাচল করতে পারে না। এতে প্রায়ই দুর্ভোগ পোহাতে হয়। শুধু কৃষি নয়, এই ভাসমান পেয়ারা বাগান এখন দেশের অন্যতম কৃষিভিত্তিক পর্যটন কেন্দ্রেও পরিণত হয়েছে। বর্বা মৌসুমে প্রতিদিন হাজারো দর্শনার্থী পরিবার-পরিজন নিয়ে এখানে ঘুরতে আসেন। কেউ ট্রলারে, কেউ ব্যক্তিগত গাড়িতে, আরার কেউ শিক্ষা সফরের অংশ হিসেবে এই বাগান দেখতে আসেন। দেশি-বিদেশি পর্যটকদের পদস্রাবায় প্রাণ ফিরে পায় পুরো এলাকা। ঢাকা থেকে ঘুরতে আসা মোরশেদা বেগম বলেন, জায়গাটি অসাধারণ সুন্দর। ঢাকায় বসে তো এমন প্রকৃতি, এত গাছ, এত ফুলমূল দেখতে পাই না। খালের দুই পাশে ফলভর্তি গাছ, ট্রলারে ঘুরে পুরো পরিবেশ উপভোগ করছি। আমার স্বাম্মানও খুব আনন্দ পেয়েছে। তবে পর্যটকদের অভিযোগও রয়েছে। তাদের দাবি, পর্যট পর্কিৎসের ব্যবস্থা নেই, অনেক সড়ক ভাঙাচোরা, পাবলিক টয়লেট ও বিত্তক পানিরও সংকট রয়েছে। এসব কারণে ভোগান্তিতে পড়তে হয় দর্শনার্থীদের। পিরোজপুরের আটম্বর পেয়ারা বাগানে ঘুরতে আসা মাহিন ইসলাম বলেন, জায়গাটি সত্যিই অসাধারণ। কিন্তু গাড়ি রাখার ব্যবস্থা, ভালো রাস্তা ও পাবলিক টয়লেটের মতো মৌলিক সুবিধা ব্যাধেনে প্রয়োজন। নেছারাবাদ উপজেলা নির্বাহী কর্মকর্তা অমিত দত্ত বলেন, ভাসমান পেয়ারা বাজারকে কেন্দ্র করে পর্যটন ব্যবস্থাপনা আরও উন্নত করতে একটি পরিকল্পনা নেওয়া হয়েছে। এক বিজ্ঞপ্তিতে পর্যটক ও স্থানীয় সব স্কেলের যা যা করণীয় সে সম্পর্কে আমরা অবহিত করেছি। কিভাবে এই পর্যটন কেন্দ্র আরো বেশি সুন্দর করা যায়। পর্যটকদের নিরাপত্তা, থাকা-খাওয়ার সুবিধা এবং বিদেশি পর্যটক আকৃষ্ট করতে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হচ্ছে।

খাল খনন না করেই আড়াই কোটি টাকা

বরাদ্দকৃত পুরো ১ কোটি ৮০ লাখ ২৮ হাজার ২৬৩ টাকাই সরকারি কোষাগারে ফেরত পাঠানো হয়েছে। মরকখোয়ার পোল এলাকার বাসিন্দা সাগর বলেন, দীর্ঘদিন ধরে এলাকাবাসী, পরিবেশবাদী সংগঠন ও সচেতন নাগরিকরা খালটি পুনঃখননের দাবিতে আন্দোলন করে আসছেন। সরকার বরাদ্দ দিলেও কাজ বাস্তবায়ন না হওয়ায় তারা হতাশ। খালটি খনন করা হলে পানি প্রবাহ স্বাভাবিক হতো, জলাবদ্ধতা কমেত এবং কৃষক, জেলে ও স্থানীয় বাসিন্দারা উপকৃত হতেন। বাংলাদেশ পরিবেশ আন্দোলনের (বাপা) বরিশাল জেলার আহ্বায়ক রফিকুল আলম বলেন, খাল বরিশালের ঐতিহ্যের অংশ। গুরুত্বপূর্ণ দুটি খাল পুনঃখননের জন্য বরাদ্দ পাওয়ার পরও তা বাস্তবায়ন না করে অর্থ ফেরত পাঠানো অত্যন্ত দুঃখজনক। প্রশ্নমতগুলো বাস্তবায়িত হলে পানি প্রবাহ সচল হওয়ার পাশাপাশি জলাবদ্ধতা নিরসন এবং কৃষি ও মৎসা খাতে ইতিবাচক প্রভাব পড়ত। তিনি এ ঘটনায় কোনো অনিয়ম বা অবহেলা রয়েছে কি না, তা তদন্ত করে দেখার দাবি জানান। এ বিষয়ে বক্তব্য জানতে বরিশাল সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা ফরিদা সুলতানার সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি ছুটিতে থাকায় বক্তব্য পাওয়া যায়নি। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার সঙ্গেও যোগাযোগ করা সম্ভব হয়নি। বরিশাল জেলা গ্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা প্রশান্ত কুমার রায় বলেন, নির্ধারিত সময়ের মধ্যে বরাদ্দের অর্থ ব্যয় করা সম্ভব না হওয়ায় তা সরকারি কোষাগারে ফেরত পাঠানো হয়েছে। তিনি জানান, দুটি খালের মধ্যে বেশ কিছু অধিবে স্থাপনা থাকায় সেগুলো উচ্ছেদ করা সম্ভব হয়নি। এ কারণেই খননকাজ বাস্তবায়ন করা যায়নি। বরিশালের জেলা প্রশাসক মো. মামুন খন্দকার বলেন, খাল খনন না করেই বরাদ্দের অর্থ ফেরত পাঠানোর বিষয়টি তিনি জেনেছেন। নির্ধারিত সময়ের মধ্যে কাজ শেষ না হলে অর্থ কোষাগারে ফেরত যাওয়াই নিয়ম। তবে কী কারণে প্রকল্প বাস্তবায়ন সম্ভব হয়নি, তা খতিয়ে দেখা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে ফেরিগত তলব করা হবে। তিনি আরও বলেন, জেল খাল, লাকুটিয়া খালসহ বরিশালের গুরুত্বপূর্ণ খালগুলো পুনঃখনন ও সংরক্ষণের পরিকল্পনা রয়েছে। এ জন্য নতুন করে বরাদ্দ চেয়ে মন্ত্রণালয়ে আবেদন করা হবে।

পদ্মাসেতুর সফল মিলনে শিল্পে

উল্লেখযোগ্য হচ্ছে সক্ষ শ্রমিক ও কাঁচামালের অভাব, জলবায়ু ঝুঁকি এবং অবকাঠামোগত ঘাটতি। বরিশালসহ বিভাগের সবগুলো জেলাতে অর্থনীতির উন্নয়নের জন্য শিল্পায়ন দরকার। আর এজন্য সরকার ও উদ্যোক্তাদের আন্তরিক হতে হবে বলে মনে করেন এম এ অর্থনীতির বিশ্লেষক। বরিশাল বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিষয়ের সহযোগী অধ্যাপক জ্যোতির্ময় বিশ্বাস বলেন, ‘আমাদের দরকার সরকারের তরফ থেকে খুবই আন্তরিক একটি প্রচেষ্টা। কিছু ক্ষেত্রে ওয়ান স্টপ সার্ভিস চালু করা এবং একটি সমন্বিত উদ্যোগ। এছাড়াও ব্যক্তিগত পর্যায়ে উদ্যোক্তাদের এখানে আন্তরিকভাবে এগিয়ে আসাটা অত্যন্ত দরকারি। কলকারখানা অধিদপ্তরের তথ্য অনুসারে, বরিশাল বিভাগে বর্তমানে রেজিস্ট্রিকৃত কারখানার সংখ্যা ১ হাজার ৭৪টি। পদ্মাসেতু চালুর আগে এই সংখ্যাটা ছিল ৮২৪টি। সংখ্যার হিসেবে ২৫০টি প্রতিষ্ঠান নিবন্ধিত হয়েছে।

হাসিনার কর্মকাণ্ড বাংলাদেশ-ভারত

পারম্পরিক শ্রদ্ধা, আস্থা ও অভিন্ন স্বার্থের ভিত্তিতে দ্বিপাক্ষিক সম্পর্কে আরও জোরদার এবং সামনের দিকে এগিয়ে নেওয়ার বিষয়ে তারা আশাবাদ ব্যক্ত করেন। পলাতক মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামী শেখ হাসিনা ৫ আগস্ট প্রকাশ্যে বক্তব্য রাখতে পারেন-সোশ্যাল মিডিয়ায় উড়িয়ে পড়া এ খবরটিও পররষ্ট্র উপদেষ্টা এবং হাইকোর্টসমূহের আলোচনায় উঠে আসে। এ বিষয়ে পররষ্ট্র উপদেষ্টা হাইকোর্টসমূহকে জানান, পর্যন্তক শেখ হাসিনাসহ কার্যক্রম নিষিদ্ধ সংগঠনের কোনো ব্যক্তি যেন ভারতের শুধু ব্যবহার করে রাজনৈতিক বখসা প্রদান বা বাৎসাজমের অভ্যন্তরে অস্থিতিশীলতা সৃষ্টির উদ্দেশে কোনো কর্মকাণ্ড পরিস্রাল করতে না পারে, সে বিষয়ে ভারতের সহযোগিতা প্রত্যাশা করে বাংলাদেশ। তিনি উল্লেখ করেন, এ ধরনের কার্যক্রম দ্বিপাক্ষিক সম্পর্কের ইতিবাচক অগ্রগতিকে ক্ষতিগ্রস্ত করতে পারে। ভারতের হাইকোর্টমিনার বিষয়টি যথাযথভাবে বিবেচনা করে প্রয়োজনীয় খোঁজখবর নেওয়া এবং এ বিষয়ে সঠে্ট থাকার আশ্বাস দেন। উভয়পক্ষ নিয়মিত সংলাপ ও গঠনমূলক সম্পৃক্ততা অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ করে এবং পারস্পরিক আস্থা ও আলোচনার মাধ্যমেই সব বিষয়ে দীর্ঘমেয়াদি ও টেকসই সমাধান অর্জন সম্ভব বলে আশাবাদ ব্যক্ত করে। পররষ্ট্র মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা মো. কামরুল ইসলাম হুইয়া এ তথ্য জানান।

কবীর্ভনাথানা ৩

বরিশাল বিশ্ববিদ্যালয়ে জুলাই

থাকা স্মৃতিগুণো এই আয়োজনের মাধ্যমে সুন্দরভাবে উঠে এসেছে। জুলাইয়ের যোদ্ধাদের ত্যাগ আমরা যথাযথভাবে মূল্যায়ন করব।’ এ ধরনের আয়োজনের জন্য তিনি সাংবাদিক সমিতিকে ধন্যবাদ জানান। বিশেষ অতিথির বক্তব্যে বরিশাল প্রেসক্লাবের সভাপতি আমিনুল ইসলাম খসরু বলেন, ফ্যাসিবাদী সরকারের নির্যাতনের বিরুদ্ধে ছাত্র-জনতার সেই সংগ্রামের স্মৃতি ধরে রাখতে এই উদ্যোগ অত্যন্ত প্রশংসনীয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. আব্দুল আলিম হুসি়র, প্রক্টর মো. মেহেদী হাসান সোহাগ, বরিশাল জেলা সাংবাদিক ইউনিয়নের সভাপতি আজাদ আলাউদ্দীনসহ বিভিন্ন ছাত্রসংগঠনের নেতৃত্বদ্ব এবং শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। বরিশাসের সভাপতি মো. রবিউল ইসলাম জানান, আগামীতেও তাঁরা এ ধরনের জনবান্ধব কর্মসূচি অব্যাহত রাখবেন।

আগৈলঝাড়ায় তীব্র বিদ্যুৎ

ব্যবসা-বাণিজ্যে ক্ষতির মুখে পড়ছেন ব্যবসায়ীরা এবং নিত্যপ্রয়োজনীয় কাজেও বিঘ্ন ঘটছে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, প্রতিদিন সন্ধ্যা ৬টা থেকে রাত ১১টা পর্যন্ত আগৈলঝাড়া উপজেলায় বিদ্যুতের চাহিদা প্রায় ১৩ মেগাওয়াট। অর্থাৎ এ সময়ে বরাদ্দ পাওয়া যাচ্ছে মাত্র ৫ থেকে ৬ মেগাওয়াট। ফলে চাহিদা ও সরবরাহের মধ্যে প্রায় অর্ধেকেরও বেশি ঘাটতি তৈরি হচ্ছে এবং ব্যাধ হয়ে ব্যাপক লোডশেডিং দিতে হচ্ছে। এদিকে অধ-পিক সময়ে, অর্থাৎ রাত ১১টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত উপজেলায় বিদ্যুতের চাহিদা থাকে প্রায় ৮ মেগাওয়াট। কিন্তু এ সময়েও সরবরাহ মিলেছে মাত্র ৪ মেগাওয়াট। ফলে দিনের বেলােও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা সম্ভব হচ্ছে না। বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি ২ এর আগৈলঝাড়া উপজেলা পল্লী বিদ্যুৎ অফিসের ডিভিএম মো. সিদ্দিকুর রহমান সাংবাদিকদের জানান, চাহিদার তুলনায় অনেক কম বিদ্যুৎ বরাদ্দ পাওয়ায় এ পরিষ্িতির সৃষ্টি হয়েছে। জাতীয় গ্রিড থেকে পর্যাপ্ত বিদ্যুৎ বরাদ্দ পাওয়া গেলে লোডশেডিং স্বেচ্ছাযোগ্যভাবে কমে আসবে বলে তিনি আশা প্রকাশ করেন।তিনি আরও বলেন, বর্তমানে পরিস্থিতিতে গ্রাহকদের সাময়িক অসুবিধার জন্য বিদ্যুৎ বিভাগ আত্মরিক্তভাবে দুঃখিত। একই সঙ্গে পরিস্থিতি যথাযিক না হওয়া পর্যন্ত সকল গ্রাহককে ধৈর্য ধারণ এবং সার্বিক সহযোগিতা করার অনুরোধ জানান। এদিকে দীর্ঘস্থায়ী লোডশেডিংয়ে অতিষ্ঠ হয়ে দ্রুত বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক করার দাবি জানিয়েছেন আগৈলঝাড়া উপজেলার বিভিন্ন শ্রমের বর্গ ব্যক্তিগণ।

তেতুলিয়ার নাব্যতা সংকটে শ্ববির

চিত্র মেসৌই সাহিত্যিক বাস্তবতারই প্রতিফলন। স্থানীয় ব্যবসায়ী, ট্রলার মালিক ও জেলেনদের অভিযোগ, নদীর তলদেশে ডুবোচর সৃষ্টি হওয়ায় ঢাকাহল বিভিন্ন এলাকা থেকে আসা পণ্যবাহী কাগো ও ট্রলার নিরাপদে চলাচল করতে পারছে না। অনেক ক্ষেত্রে ডুবোচরে ধাক্কা লেগে আসে ও পণ্য ক্ষতিগ্রস্ত হওয়ার ঝুঁকি তৈরি হচ্ছে। ফলে পরিবহন ব্যয় বেড়ে যাওয়ার পাশাপাশি ব্যবসায়িক কার্যক্রমও ব্যর্থ হচ্ছে। নালিরপুর এলাকা থেকে লালমোহনগামী ট্রলারগুলোকে বাধ্য নৌসেমেও নাব্যতা সংকটের কারণে প্রায় ৭ থেকে ৮ কিলোমিটার অতিরিক্ত পথ ঘুরে খালাচল করতে হচ্ছে। এতে সময় ও জ্বালানি ব্যয় বৃদ্ধি পাচ্ছে এবং যাত্রীদের দুর্ভোগও বাড়াচ্ছে। ঢাকা-কালাহিয়া রুটে চলাচলকারী লঞ্চ সংশ্লিষ্টরা জানান, নদীর বিভিন্ন স্থানে নাব্যতা কমে যাওয়ায় নিরাপদে চলাচল করা কঠিন হয়ে পড়ছে। বিশেষ করে নারী, শিশু, বয়স্ক ও প্রতিবন্ধী যাত্রীরা বেশি ভোগান্তির শিকার হচ্ছেন। এদিকে নাব্যতা সংকটের কারণে গোলাচিপা, দশমিনা, কালাহিয়া, নিমদী, দুদাইচাল ও কালিগুদাইসহ দক্ষিণাঞ্চলের একাধিক নৌঘাটে দ্বিচার লঞ্চ ট্রলার ইত্যেতমধ্যে বন্ধ হয়ে গেছে। বর্তমানে কালাহিয়া থেকে ঢাকাগামী মাত্র একটি দ্বিচার লঞ্চ চলাচল করছে। ওই লঞ্ছের প্রথম শ্রেণির মাস্টার মো. হান্নিক বলেন, “একসময় ঢাকা থেকে দক্ষিণাঞ্চলের এই নৌকটে অসংখ্য স্টেশন বন্ধ হয়। এখন নাব্যতা সংকটের কারণে প্রায় ৯০ শতাংশ স্টেশন বন্ধ হয়ে গেছে। এতে যাত্রীরাংখ্যা কমে গেছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ একাধিকবার পরিদর্শন করে আশ্বাস দিলেও কার্যকর কোনো ব্যবস্থা নেওয়া হয়নি।” স্থানীয়দের অভিযোগ, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডিউডিএ) তেতুলিয়া নদীতে ড্রেজিং কার্যক্রম পরিচালনা করলেও যেখানে নাব্যতা সংকট প্রকট, সেখানে পর্যাপ্ত খনন হচ্ছে না। বরং বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের আবেদনের ভিত্তিতে বাড়িঘর ও ভিতা ভরাটে বাধু সরবরাহে বেশি গুরুত্ব দেওয়া হচ্ছে। তাদের দাবি, এটা সরকারের মূল উদ্দেশ্য ব্যাহত হচ্ছে। তবে অভিযোগ অনুযায়ী সরকার করে বিআইডিউডিএএ হাইড্রো সলিশিশনের প্রকৌশলী তানবীর মজুমদার বলেন, “সরকারি বিধি অনুসারে আবেদনকারীদের বাধু দেওয়া হয়। আবেদন যাচাই করেই বাধু সরবরাহ করা হয় এবং এ জন্য কোনো অর্থ নেওয়া হয় না।” স্থানীয়দের মতে, পরিকল্পিত ও বৈজ্ঞানিক ড্রেজিংয়ের মাধ্যমে তেতুলিয়া নদীর নাব্যতা ফিরিয়ে আনা গেলে কালাহিয়া বন্দর, কালাহিয়া লঞ্চঘাট, চন্দ্রদ্বীপসহ গুরুত্বপূর্ণ নৌপথে স্বাভাবিক যোগাযোগ পুনঃস্থাপন সম্ভব হবে। পাশাপাশি জেলেরা নির্বিঘ্নে মাছ আহরণ করতে পারবেন এবং নদীর স্বাভাবিক পরিবেশ ও গতিপ্রবাহও বজায় থাকবে। এদিকে বাউফল উপজেলার সরকারি ও বেসরকারি বিভিন্ন উদ্যান প্রকল্প, সড়ক, সেতু ও আবাসন নির্মাণে ভিটি বাধুর ব্যাপক চাহিদা রয়েছে। দীর্ঘদিন ধরে পর্যাপ্ত বাধু সরবরাহ না থাকায় অনেক উদ্যানকাজ ব্যাহত হচ্ছে বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা সালেহ আহমেদ বলেন, “তেতুলিয়া নদীর নাব্যতা সংকটের কারণে কালাহিয়া বন্দর ও যাত্রীবাহী নৌযান চলাচল ব্যাহত হচ্ছে। বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে জানানো হবে এবং সমাধানের প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার চেষ্টা করা হবে।” স্থানীয় ব্যবসায়ী, ট্রলার মালিক, জেলে ও সচেতন নাগরিকদের দাবি, পরিবেশগত ও আইনগত বিধান মেনে জরুরি ভিত্তিতে তেতুলিয়া নদীর নাব্যতা পুনরুদ্ধারে কার্যকর পদক্ষেপ নেওয়া হোক। তাদের মতে, এ নদীর ধারা ফিরে এলে শুধু নৌ-যোগাযোগ নয়, দক্ষিণাঞ্চলের অর্থনীতি, ব্যবসা-বাণিজ্য ও জনজীবনও নতুন গতি পাবে।

চায়ের দোকানির সঙ্গে প্রেম, পল্লী

সিরাজ উপজেলার করফা বাজার পল্লী বিদ্যুৎ সাব-অফিসের লাইনম্যান হিসেবে কর্মরত। পুলিশ জানিয়েছে, অভিযুক্তকে গ্রেপ্তারে অভিযান চালানো হচ্ছে। মামলার এজাহার অনুযায়ী, করফা বাজারে বাদী তৃষ্ণা রানী মণ্ডলের একটি চায়ের দোকান রয়েছে। দোকানের পাশেই পল্লী বিদ্যুতের সাব-অফিসে করফার সাইদুল ইসলাম সিরাজের সঙ্গে চেনা-পরিচিতির সূত্রে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। বাদীর দাবি, ধর্মান্তরিত হওয়ার পর তাঁকে বিয়ে করবেন এমন আশ্বাস দিয়ে সিরাজ একাধিকবার তাঁর সঙ্গে শারীরিক সম্পর্ক স্থাপন করেন। সর্বশেষ গত ১১ জুলাই গভীর রাতে সিরাজ তাঁর দোকানে প্রবেশ করে ফের শারীরিক সম্পর্ক করেন বলে এজাহারে উল্লেখ করা হয়েছে। পরবর্তীকালে বিষয়টি জানাজানি হলে সিরাজ বিয়ে করতে অস্বীকৃতি জানান। এরপর রোববার রাতে স্থানীয়দের সহায়তায় সিরাজকে তাঁর বাসায় অবরুদ্ধ করে রাখা হয় এবং পুলিশে খবর দেওয়া হয়। তবে ধর্মপথে অভিযোগ অস্বীকার করছেন অভিযুক্ত লাইনম্যান মো. সাইদুল ইসলাম সিরাজ। তাঁর দাবি, ওই নারীর সঙ্গে তাঁর কোনো প্রেমের সম্পর্ক ছিল না। গভীর রাত পর্যন্ত চায়ের দোকান খোলা রাখা নিয়ে পরামর্শ দেওয়ায় ক্ষুব্ধ হয়ে স্থানীয় কয়েকজন যুবককে সঙ্গে নিয়ে ওই নারী তাঁকে ফাঁসানোর চেষ্টা করছেন। এ ছাড়া ওই নারী তাঁর কাছে ঢাকা দাবি করেছিলেন বলেও অভিযোগ করেন সিরাজ। করফা বাজার পল্লী বিদ্যুৎ সাব-অফিসের কর্মকর্তা মো. জাহাঙ্গীর জানান, নারীঘটিকে বিষয়কে প্রেক্ষিত করে স্থানীয়রা সিরাজকে একটি ঘরে আটকে রেখেছিল। পরবর্তীকালে স্থানীয়ভাবে সমঝোতার উদ্যোগ নেওয়া হলেও শেষ পর্যন্ত বিষয়টি সমাধান হয়নি। নেছারাবাদ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মেহেদী হাসান জামান, এ ঘটনায় ভুক্তভোগী নারী বাদী হয়ে থানায় মামলা করেছেন। অভিযুক্তকে গ্রেপ্তারের প্রক্রিয়া চলছে এবং আইন অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

ডিগ্রি হলের ঝুঁকিপূর্ণ ভবন

সর্বোচ্চ গুরুত্ব দিয়ে প্রয়োজনীয় সংস্কার কার্যক্রম দ্রুত বাস্তবায়নের নির্দেশনা দেন। পাশাপাশি কলেজের অভ্যন্তরীণ রাস্তাঘাটের বর্তমান অবস্থা ও সংস্কারের প্রয়োজনীয়তা নিয়েও সংশ্লিষ্টদের সঙ্গে আলোচনা করেন। অবকাঠামোগত উন্নয়ন এবং চলাচল উপযোগী পরিবেশ নিশ্চিত করতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের ওপর গুরুত্বারোপ করা হয়। উল্লেখ্য, গত ২৯ জুলাই বিএম কলেজ ডিগ্রি হলের ডি-ব্লকে ১২৫ নম্বার রুমে দফায় দফায় পলেক্সার্সা খসে পড়ে, যাতে অল্পের জন্য বেচে যায় মাস্টারের এক আবাসিক শিক্ষার্থী আরিফুল ইসলাম। এতে হল জ্বুড়ে নিরাপত্তা নিয়ে শঙ্কিত হয়ে পড়েন শিক্ষার্থীরা। ঘটনার দিন রাতে শিক্ষার্থীরা জড়ো হয়ে হল সুপারের নিকট অভিযোগ জানিয়ে তাদের নিরাপত্তা নিশ্চিত করে দ্রুত হল সংস্কারের দাবি জানান। তারই ধারাবাহিক্যে ধারাবাহিক্য বিএম কলেজের অধ্যক্ষ প্রফেসর ডা. শেখ

মো: তাজুল ইসলাম, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রকৌশলী জনাব মামুন এবং হল সুপার আসাদুজ্জামানকে নিয়ে হল পরিদর্শন আসেন। পলেক্সার্সা খসে পড়া ও হল সংস্কারের সার্বিক বিষয়ে জানতে চাইলে বিএম কলেজের অধ্যক্ষ প্রফেসর ডা. শেখ মো তাজুল ইসলাম প্রতিবেদককে বলেন, “ বিএম কলেজ ১৩৭ বছরের পুরনো একটি ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান, এখানে ৩০ হাজারেও বেশি শিক্ষার্থী রয়েছে সে হিসেবে আবাসিক সংকট প্রকট। এই সংকট এবং সংস্কারের জন্য যে অর্থ প্রয়োজন তা আমরা পাইনা। এই বিষয়ে শিক্ষা প্রকৌশলী অনেকটা দুঃখপ্রকাশ করে আমাদের কাছে বলেনছেন স্যার ছোট ছোট কলেজ গুলোকে যে বরাদ্দ দেওয়া হয় বিএম কলেজের মতো বড় কলেজকেও একই বরাদ্দ দেয় বার করছেন এই অবস্থা।” পরিশেষে অধ্যক্ষ স্যার সরকারের নিকট শতবর্ষী বড় কলেজ গুলোকে মান অনুযায়ী বরাদ্দ বৃদ্ধি করে দেওয়ার দাবি জানান।

বরিশালের ১৩জনসহ গণপূর্ত অধিদপ্তরের

১৩ জন, সিলেট বিভাগে ৮ জন, ময়মনসিংহ বিভাগে ১১ জন এবং রংপুর বিভাগে ২২ জন উপ-সহকারী প্রকৌশলীকে পদায়ন করা হয়েছে। লটারি কার্যক্রমে সমন্বয় করেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব সারোয়ার আলম। এসময় উপস্থি্ত ছিলেন গণপূর্ত অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী কাজী ফিরোজ হাসান। এ লটারিভিত্তিক বদলি প্রক্রিয়া বদলি ও পদায়নের ক্ষেত্রে স্বচ্ছতা, নিরপেক্ষতা ও শৃঙ্খলা প্রতিষ্ঠা করারবে বলে জানান গণপূর্ত অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ই/এন) আরাফুর রহক। এসময় গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলী খালেদুজ্জামান চৌধুরী, যুগ্মসচিব মোহাম্মদ মিজানুর রহমান, যুগ্মসচিব নৌজাহা খান, উপসচিব খান নাজমুস শোয়েব ও উপসচিব আবু নাহেরসহ অন্য প্রকৌশলীরা উপস্থিত ছিলেন।

রগুনি আয়ে নেতিবাচক প্রবৃদ্ধি

মার্কিন ডলারে দাঁড়িয়েছে। সোমবার (৩ আগস্ট) রগুনি উন্নয়ন ব্যুরো (ইস্পির) প্রকাশিত তথ্য অনুযায়ী, ২০২৬-২৭ অর্থবছরের প্রথম মাস জুলাইয়ে বালাদেশে মোট ৪ দশমিক ৭২ বিলিয়ন মার্কিন ডলারের পণ্য রগুনি করেছে। আগের অর্থবছরের একই মাসে রগুনি আয় ছিল ৪ দশমিক ৭৭ বিলিয়ন ডলার। অর্থাৎ এক বছরের ব্যবধানে রগুনি আয় কমেছে শূন্য দশমিক ৯০ শতাংশ। দেশের রগুনি আয়ের প্রধান খণ্ড তৈরি পোশাক (আরএমটি) শিল্পেও নেতিবাচক প্রবৃদ্ধি হয়েছে। জুলাই মাসে এ খাত থেকে রগুনি আয় হয়েছে ৩ দশমিক ৮৮ বিলিয়ন ডলার, যা ২০২৫ সালের জুলাইয়ের ৩ দশমিক ৯৬ বিলিয়ন ডলারের তুলনায় ১ দশমিক ৯২ শতাংশ কম। এর মধ্যে নিউয়র্কার পণ্য রগুনি থেকে আয় হয়েছে ১ দশমিক ৮৪ বিলিয়ন ডলার, যা আগের বছরের একই সময়ের ১ দশমিক ৮৭ বিলিয়ন ডলারের তুলনায় শূন্য দশমিক ৯০ শতাংশ কম। অন্যদিকে, ওল্ডেন পোশাক রগুনি ৩ দশমিক ১৬ শতাংশ কম দাঁড়িয়েছে ১ দশমিক ৫৪ বিলিয়ন ডলারে।

ট্রাম্পের নতুন আলাচনায়

সম্মেলনে ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাকি বলেন, তেহরান যুক্তরাষ্ট্রের কোনো প্রতিনিধি দলকে গ্রহণ করবে না এবং আলোচনায় জন্য নিজেদের কোনো প্রতিনিধিও পাঠাবে না। তিনি জানান, হরমুজ প্রণালির সামুদ্রিক নিরাপত্তা নিয়ে ওমানের সঙ্গে সাম্প্রতিক দিনগুলোতে আলোচনা অব্যাহত রয়েছে। তবে শু ওমানের সঙ্গে সমঝোতা হলোই হরমুজ প্রণালি আরও পুরোপুরি চালু হবে না। ইসমাইল বাকি বলেন, যুক্তরাষ্ট্র যখনই ইরানের বিরুদ্ধে আত্মসী অবস্থান এবং নৌ অবরোধ বজায় রাখে, ততদিন হরমুজ প্রণালির পরিষ্িতিতে কোনো পরিবর্তন আসবে না। তিনি উল্লেখ করেন তৌনের কূটনৈতিক দায়িত্বের কথাও উল্লেখ করেন। এর আগে সোমবার মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ঘোষণা দেন, ও আগস্ট থেকে ওয়াশিংটন ও তেহরানের মধ্যে নতুন দরবার আলোচনা শুরু হবে। তিনি আশা প্রকাশ করেন, হরমুজ প্রণালি ও ইরানের পারমাণবিক কর্মসূচি নিয়ে সমঝোতায় পৌঁছানো সম্ভব হবে। ট্রাম্প আরও দাবি করেন, ইরান এবং মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশের অনুরোধে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল পরিকল্পিত একটি সামরিক হামলা স্থগিত করেছে। তবে ইরান সরকারের এই দাবি প্রত্যাখ্যান করেছেন।

দুই ভূমি কর্মকর্তাকে

হয়েছে। শোকজপ্রাপ্ত কর্মকর্তারা হলেন দপদপিয়া ইউনিয়নের সহকারী কমিশনার (ভূমি) কাহারুলেয় ভূমি কর্মকর্তা মো. আব্দুল মালেক এবং কুলকাটি ইউনিয়নের ভূমি কর্মকর্তা সরোয়ার হোসেন। এছাড়া নলগাঁউ উপজেলা ভূমি অফিসের কানুনগো মো. রফিকুল ইসলামকে বরদনার তালতলী উপজেলায় বদলি করা হয়েছে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, প্রশাসনিক তদন্তে দায়িত্ব পালনে অসিয়াম ও অহেলাদা প্রাথমিক সভা তা বাস্তবায়ন এ ব্যবস্থা নেওয়া হয়েছে। বরিশাল বিভাগীয় কমিশনারের একান্ত সচিব মারয়ুফ রহমান রিয়াত স্বাক্ষরিত এক চিঠিতে এ প্রশাসনিক সিদ্ধান্তের কথা জানানো হয়েছে। চিঠিতে শোকজপ্রাপ্ত দুই কর্মকর্তাকে নির্ধারিত সময়ের মধ্যে অভিযোগের বিষয়ে লিখিত ব্যাখ্যা দিতে নির্দেশ দেওয়া হয়েছে। তাদের জবাব সন্তোষজনক না হলে সরকারি বিধি-বিধান অনুযায়ী পরবর্তী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে বলে উল্লেখ করা হয়েছে। এ বিষয়ে নলগাঁউ উপজেলার ভারপ্রাপ্ত নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রেজভী আহমেদ সজ্ঞা বলেন, সরকারি দায়িত্ব পালনে কোনো ধরনের অহেলাদা প্রশাসনিক অনিয়ম বরাদ্দ করা হবে না। অভিযোগের বিষয়ে সংশ্লিষ্টদের লিখিত জবাব চাওয়া হয়েছে। জবাব সন্তোষজনক না হলে বিধি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

কুয়াকাটায় ভয়াবহ লোডশেডিং

ব্যবসায়ীদের দৈনিক ১৫-২০ ঘণ্টা নির্ভর করতে হচ্ছে জেনারেটরের ওপরে। স্থানীয়দের অভিযোগ, গত কয়েকদিন ধরে কুয়াকাটায় দৈনিক ১৫-১৬ বার লোডশেডিং হচ্ছে। খন খন লোডশেডিংয়ের কারণে দুই শতাধিক আবাসিক বাসেল-মোটলে, শতাধিক রেষ্টুরোঁ এবং পর্যটনসংশ্লিষ্ট বিভিন্ন ব্যবসাপ্রতিষ্ঠানের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। সূত্র জানায়, পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির আওতায় কুয়াকাটা সাব-জোনাল অফিসের আওতায় চালাই ইউনিয়ন ও কুয়াকাটা পৌরসভায় বিদ্যুৎ সরবরাহ করা হয়। তবে দেশের অন্যতম গুরুত্বপূর্ণ পর্যটনকেন্দ্র হওয়া সত্ত্বেও কুয়াকাটার জন্য আলাদা কোনো বিদ্যুৎ বরাদ্দ বা বিশেষ ব্যবস্থাপনা নেই। ফলে পর্যটনের চাপ বাড়লেই বিদ্যুৎ সংকট আরও প্রকট হয়ে ওঠে। পটোন ব্যবসায়ীরা বলেন, নিরবচ্ছিন্ন নতুন না থাকায় পর্যটকদের কাছে কুয়াকাটার ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়। অনেক পর্যটক অসন্তোষ প্রকাশ করেছেন। এমনকি বিদ্যুৎ সংকটের কারণে হোটেল বুকিং বাড়িলের ঘটনাও ঘটছে। হোটেল খান পালসেরের পরিচালক সাকুর বলেন, ২’গত ২৪ ঘণ্টায় অন্তত ১৫ বার লোডশেডিং হয়েছে। বাধা হয়ে ১৫ থেকে ১৬ ঘণ্টা জেনারেরের চালাতে হচ্ছে। এতে জ্বালানি ব্যয় অনেক বেড়ে গেছে। পটুরবারও রিক্ত হচ্ছে। আমাদের দোকানদাররা আশঙ্কা বাড়ছে।’ রাইনই মার্কেটের পায়রা রেষ্টুরেন্টের পরিচালক মিরাজ হোসেন বলেন, “শুধু দিনের বেলা নয়, প্রতিদিন পড়ে ৫-৭ ঘণ্টা বিদ্যুৎ থাকে না। রাতের লোডশেডিং এখন নিয়মিত ঘটনা।’ তিনি বলেন, “শুধু ব্যবসা সচল রাখতে প্রায় ৩০ লিটার ডিজেল পড়িয়ে জেনারেরে চালাতে হয়েছে। রাতের পুরো সময়ের মধ্যে মাত্র আড়াই ঘণ্টা বিদ্যুৎ ছিল। এভাবে একটি পর্যটন এলাকায় ব্যবসা পরিচালনা করা অত্যন্ত কঠিন। এ বিষয়ে কুয়াকাটা বিদ্যুৎ সাব-জোনাল অফিসের ডিভিএম মোস্তফা আমিনুর রাশেদ বলেন, ‘বর্তমানে আমাদের এলাকায় বিদ্যুতের চাহিদা ১১-১২ মেগাওয়াট। কিন্তু জাতীয় গ্রিড থেকে পাচ্ছি মাত্র ৫-৬ মেগাওয়াট। পটুনকেন্দ্র হিসেবে কুয়াকাটার জন্য অতিরিক্ত কোনো বিদ্যুৎ বরাদ্দ বা বিশেষ যেক্টে নেই। তাই বিদ্যমান সরবরাহ দিয়েই লোড ম্যানেজমেন্ট করতে হচ্ছে।’ তিনি আরও বলেন, পর্যটনকেন্দ্রটির গুরুত্ব বিবেচনায় বিদ্যুৎ সরবরাহ সচল রাখতে কর্মকর্তারা সর্বোচ্চ চেষ্টা করছেন। তবে জাতীয় গ্রিড থেকে পর্যাপ্ত বিদ্যুৎ বরাদ্দ না পাওয়া পর্যন্ত এ সংকটের স্থায়ী সমাধান সম্ভব নয়। বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে নিয়মিত জানানো হচ্ছে। অতিরিক্ত ব্যয়ের জন্য অনুরোধ করা হয়েছে।

আমতলীতে নির্মাণকাজ শেষ

স্থানীয় সূত্রে জানা গেছে, ২০২৩-২৪ অর্থবছরে আমতলী থেকে তালুকদার বাজার পর্যন্ত প্রায় ৫ কিলোমিটার সড়ক উন্নয়নের জন্য প্রায় ৫ কোটি টাকার প্রকল্প গ্রহণ করে বরদনা সড়ক বিকাশের নির্বাহী প্রকৌশল কার্যালয়। কাজটি পায় রাজশাহীর বেঙ্গল কনসাল্টেশন নামের একটি টিকাদারি প্রতিষ্ঠান। স্থানীয়দের দাবি, প্রতিষ্ঠানটির হয়ে সাব-কন্ট্রাক্টের মাধ্যমে কাজ পরিচালনা করছেন মো. আখতারুজ্জামান বাদল খান। স্থানীয়দের অভিযোগ, শুরু থেকেই সড়ক নির্মাণে নিরুদমানের সমস্যা। ব্যবহার এবং কার্যোপস্থ অনুযায়ী কাজ না করার অভিযোগ ছিল। এসব অনিয়মের বিষয়ে একাধিকবার সংশ্লিষ্ট দপ্তরে

অভিযোগ জানানো হলেও কার্যকর ব্যবস্থা নেওয়া হয়নি বলে দাবি করেন স্থানীয় বাসিন্দা কামাল ও শহীদুল ইসলাম। রোববার বিকেলে সরেজমিনে গিয়ে দেখা যায়, কালীবাড়ী এলাকায় সড়কের দুটি স্থানে প্রায় ৩০০ ফুট অংশ দেবে গেছে। দুর্ঘটনা এড়াতে স্থানীয়রা ঝুঁকিপূর্ণ অংশের পাশে লাল কাপড় টাঙিয়ে সতর্কবার্তা দিয়েছেন। নির্মাণকাজ শেষ হওয়ার আগেই সড়কের এমন অবস্থা নিয়ে এলাকাবাসীর মধ্যে ক্ষোভ বিরাজ করছে। আমতলী উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক মো. মেহেদী জামান রাব্বিৎ বলেন, কাজের শুরু থেকেই নিরুদমানের সমস্যা। ব্যবহার ও বিভিন্ন অনিয়মের অভিযোগ ছিল। বিষয়টি একাধিকবার সংশ্লিষ্ট বিভাগকে জানানো হলেও কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। এখন সড়ক দেবে যাওয়ায় সেই অভিযোগই সত্য প্রমাণিত হয়েছে। আমরা ঘটনার নিরপেক্ষ তদন্ত ও দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা চাই। অভিযোগের বিষয়ে চাওড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. আখতারুজ্জামান বাদল খান বলেন, “কাজ এখনও চলমান। যেখানে সড়ক দেবে গেছে, সেখানে পুনরায় নির্মাণকাজ করা হবে।’ আমতলী উপজেলা প্রকৌশলী মো. ইদ্রিস আলী বলেন, “খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করেছি। খাদের পাশ দিয়ে সড়ক হওয়ায় ওই অংশ দেবে গেছে। টিকাদারকে ক্ষতিগ্রস্ত অংশ পুনর্নির্মামের নির্দেশ দেওয়া হয়েছে।’ আমতলী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মুহাম্মদ জাহার আরিক চৌধুরী বলেন, “বিষয়টি জেনেছি। ক্ষতিগ্রস্ত অংশ পুনর্নির্মাম না করা পর্যন্ত টিকাদারকে কোনো বিল দেওয়া হবে না।’ বরকনা নির্বাহী প্রকৌশলী মো. মেহেদী হাসান বলেন, “বিষয়টি আমার নজরে আসেনি। খোঁজ নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।’ স্থানীয়দের দাবি, সরকার অর্ধেক সঠিক ব্যবস্থা নিয়ে নিশ্চিত করছে সড়কটির নির্মাণকাজের মান ব্যাধি করে অনিয়মের অভিযোগের বিরুদ্ধে দপ্তর করা হোক এবং দায়ীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হোক।

কাউখালীতে মাদক ব্যবসায়ী

সূত্রে জানা যায়, আটককৃত রঞ্জিত চন্দ্র মায়ি দীর্ঘদিন যাবৎ এলাকায় মাদক ব্যবসা পরিচালনা করে আসছে। এছাড়া তিনি মাদক ব্যবসায়ী ও চোরাকারবারীদের সাথেও জড়িত। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করে, আসামীকে আটক করা হয়েছে। এ সময় তার কাছ থেকে ৫০ গ্রাম গাঁজা ও ১০ পিস ইয়াবা জব্দ করা হয়। যহার বাজার মূল্য আসামীকে কথিত মতে =৫০০০/-(পাঁচ হাজার) টাকা ও ১০ (দশ) পিস হালকা কল্যাণের ইয়াবা ট্যাবলেট, ওজন= ১০০ গ্রাম, যাহার মূল্য =৩০০০/(তিন হাজার) টাকা। প্রতিনয়ত মাদক নির্মূলে, মাদক সেবনকারী ও মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে পুলিশের এই পরিচালিত অভিযান, উপজেলার প্রতিটি মহল্লায় ব্যাপক সারা যুগিয়েছে। একইসঙ্গে জন্মনে পুলিশের প্রতি বিশ্বস্ততা সহ আস্থাও সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে কাউখালী থানার অফিসার ইনচার্জ মোঃ জাহায়েদ হোসেন বলেন, মাদকদের বিরুদ্ধে আমাদের এই জরি ট্যাকারেস নীতি ও অভিযান অব্যাহত থাকবে। আটককৃত আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে পিরোজপুর পুলিশ আদালত প্রেরণ করা হয়েছে। তিনি আরও বলেন, শুধুমাত্র বিচ্ছিন্ন অভিযান দিয়ে মাদক ও অপরাধ দমন একেবারে নির্মূল করা সম্ভব নয়। এলাকার সচেতন নাগরিক ও পুলিশের যৌথ প্রচেষ্টায় সকল ধরনের অপরাধ দমন করা সম্ভব বলে আমার দৃঢ় বিশ্বাস।

বাউফল উপজেলা ছাত্রদলের

এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে জানানো হয়, বাউফল উপজেলা ছাত্রদলের সভাপতি আব্দুল্লাহ আল ফাহাদ এবং, সাধারণ সম্পাদক (ভারপ্রাপ্ত) নিয়াজ হোসেন খানের যৌথ নির্দেশনায় ও সিদ্ধান্তক্রমে এই আদেশ কার্যকর করা হয়েছে। একইসঙ্গে নতুন ও গতিশীল সংগঠন নেয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল ইউনিয়নদের ছাত্রদলের নেতাকর্মীদের আগামী দিনের প্রস্তুতি দেওয়ার আহ্বান জানানো হয়েছে। শিপিগরিই নতুন কমিটি গঠনের লক্ষ্যে প্রয়োজনীয় সাংগঠনিক পদক্ষেপ গ্রহণ করা হবে বলে প্রেস বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়। বাউফল উপজেলা ছাত্রদলের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক নিয়াজ হোসেন খান জানান, “সংগঠনের সাংগঠনিক গতিশীলতা বৃদ্ধি এবং তৃণমূল পর্যায়ে আরও শক্তিশালী ও সুসংগঠিত করতেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। শিপিগরিই নতুন কমিটি গঠনের লক্ষ্যে প্রয়োজনীয় সাংগঠনিক পদক্ষেপ গ্রহণ করা হবে।

আট অভিযোগে পবিত্রবির

হকের বিরুদ্ধে দীর্ঘদিন অননুমোদিতভাবে কর্মহুয়ে অনুপস্থিত থাকা, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নির্দেশি অমান্য ও শুদ্ধতাপূর্ণ আচরণ, হুয়া ফেসবুক আইডি ব্যবহার করে বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্তৃপক্ষের বিরুদ্ধে মানবহিনক অপচচার চালানো, বিভিন্ন গণমাধ্যমে মিথ্যা ও বায়োটি তথ্য সরবরাহের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ণ করা, চাকরির প্রকলন দেশেয়ে ঘৃথ গ্রহণ, হোয়াটসঅ্যাপ ও মর্মেটাসেয়ে কুরুচিপূর্ণ বার্তা আদান-প্রদান এবং নারী শিক্ষার্থী ও কর্মচারীদেরের ভাড়া করার অভিযোগ রয়েছে। এছাড়া জুলাই ২০২৪-এর ছাত্র-জনতার গণসমুভ্যায়ানে বিরুদ্ধে অবস্থান নেওয়া এবং বিশ্ববিদ্যালয়েরে অভ্যন্তরে নাক্ষত্রমূলক কর্মকাণ্ডে জড়িত ব্যক্তিদের সঙ্গে প্রত্যক্ষ যোগাযোগের অভিযোগও তার বিরুদ্ধে আনা হয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দাবি, এসব অভিযোগ পবিত্রবির কর্মচারী আচরণ ও শৃঙ্খলা বিধিমালায় একাধিক ধারার সুস্পষ্ট লঙ্ঘন এবং গুরুতর শাস্তিযোগ্য অপরাহ। অভিযোগগুলোর গুরুত্ব বিবেচনায় রিজেন্ট বোর্ডকে অবহিত করে অভিযোগের ৯(১) ধারা অনুযায়ী তদন্তের স্বার্থে তাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। অফিস আদেশে অদুরও বলা হয়, সাময়িক বরখাস্তকালীন সরকারি বিধি ও বিশ্ববিদ্যালয়ের বিধিমালা অনুযায়ী তিনি যোগাযোগ ভাড়া এবং অন্যান্য প্রগা সুবিধা পাবেন। আদেশটি অবিলম্বে কার্যকর হবে। তবে তার বিরুদ্ধে আনা অভিযোগ অস্বীকার করেছেন উপরেজিজ্ঞের যুবদান ইমাদুল হক। তিনি বলেন, তার বিরুদ্ধে আনা সব অভিযোগই ভিত্তিহীন ও উদ্দেশ্যপ্রসোদিত। তার দাবি, এর আগে যাদের সাময়িক বরখাস্ত করা হয়েছে, তাদের আব্দাশ্বক সমর্থনের সুযোগ দেওয়া হলেও তাকে কোনো কারণ দর্শানোর (শোকজ) নোটিশ না দিয়েই সরাসরি সাময়িক বরখাস্ত করা হয়েছে।

সামান্য বৃষ্টিতেই তলিয়ে যায়

নারীরা। হাটু পানি উপক্রম করে আদালত চত্বরে নারীদের আসা সবচেয়ে বেশি কষ্টকর হয়। চরফ্যাশন চৌকি আদালতে সিনিয়র চীপ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কোর্ট, সহকারী জজ কোর্ট ও যুগ্ম জজ কোর্টসহ মোট তিনটি কোর্টে প্রতিদিন হাজারো মানুষ আসতে হয়। বিভিন্ন মামলার বাদী-বিবাদী সাক্ষী থাকার কারণে নিয়মিত জল্পশব্দে চাপ সরগরম থাকে আদালত চত্বর। তবে বৃষ্টি হলেও আদালত চত্বরে জমে হাটু সমান পানি। এ বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও পৌর মেয়রের দায়িত্বে থাকা রোমানা অফরোজ বলেন, “বিষয়টি আমাদের নজরে এয়েছে। আমরা পৌর কর্তৃপক্ষ এ বিষয়টি নিরসনে বসেছি। অতি দ্রুত ভিত্তিগ ব্যবস্থা স্বাভাবিক করার পরিকল্পনা হাতে নেয়া হবে।’ তিনি আরা বলেন, “উর্ধ্বতন কর্তৃপক্ষ থেকে বরাদ্দ পাওয়ার পরই কাজ শুরু হবে। এতে করে আদালত চত্বরের জলাবদ্ধতা নিরসন হবে বলে বিশ্বাস করি।’ চরফ্যাশন আইনজীবী সমিতির সভাপতি আডাভোকেট রমিজ উদ্দিন বলেন, “ভোলা জেলার চরফাশন চৌকি আদালতে প্রতিদিন হাজারো মানুষ সেবা নিতে আসে। সামান্য বৃষ্টিতেই হাটু পরিমাণ পানি হওয়ায় আদালতে আসা মানুষেরে দুর্ভোগের শেষ নেই। বিষয়টি পৌর কর্তৃপক্ষের নজরে এনে আদালত চত্বরে চতুর্দিকে ড্রেনেজ ব্যবস্থা স্বাভাবিক করলে এ জলাবদ্ধতা নিরসন হবে।’ চরফ্যাশন পৌরসভার প্রকৌশলী শামীম আহমেদ বলেন, “আমরা ইতোমধ্যে আদালত ভবনের চতুর্দিকে ড্রেনেজ ব্যবস্থা চালু করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ নিকট বরাদ্দ চেয়ে প্রস্তাব পাঠিয়েছি। বরাদ্দ আসলেই চতুর্দিক ড্রেনেজ ব্যবস্থা চালু হবে এবং এ জলাবদ্ধতা নিরসন হবে।’

লোডশেডিংয়ে অতিষ্ঠ জনজীবন

চরমভাবে ব্যাহত হচ্ছে। এর প্রভাব পড়ছে শিক্ষার্থীদের কর্মপানো, ব্যবসা-বাণিজ্য, চিকিৎসা সেবা ও দৈনন্দিন কর্মকাণ্ডে। তাই অবিলম্বে লোডশেডিং বন্ধ করে ২৪ ঘণ্টা নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার দাবি জানান তারা। বজারা আরও বলেন, বিদ্যুৎ-সংকটের কারণে দেশের দ্বিতীয় বৃহত্তম অর্থ বতরণ কেন্দ্র পাথরঘাটা বিএফডিসি ঘাটে বরফ উৎপাদন ব্যাহত হচ্ছে। এতে জেলে, মৎস্য ব্যবসায়ী ও সংশ্লিষ্ট

উদ্যোক্তারা আর্থিক ক্ষতির মুখে পড়ছেন, যা স্থানীয় অর্থনীতিতেও নেতিবাচক প্রভাব ফেলেছে। বিক্ষোভকারীরা ঊর্শ্বায়ারি দিয়ে বলেন, আগামী সাত দিনের মধ্যে বিদ্যুৎ সমস্যার কার্যকর সমাধান না হলে আরও কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে। প্রয়োজনে বিদ্যুৎ অফিসে তালা ঝুলিয়ে দেওয়ার মতো কর্মসূচিও পালন করা হবে। কর্মসূচি শেষে সাত দফা দাবি-সংবলিত একটি স্মারকলিপি ওজ্ঞাপিতকোর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যমে সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে পাঠানোর জন্য জমা দেন আন্দোলনকারীরা।

হাম ও উপসর্গে মৃত্যু

৯১, ময়মনসিংহে ৭১, চট্টগ্রামে ৬১, বরিশালে ৪৫, ঝুলনায় ৩২ ও রংপুর বিভাগে ১২ জন মারা গেছে। স্বাস্থ্য অধিদপ্তরের দেওয়া নিয়মিত পরিসংখ্যানে মৃতদের বয়সভিত্তিক তথ্য পাওয়া যায় না। রোগপ্রভুবিদেরা বলেন, হাম সব বয়সী মানুষের হতে পারে, তবে শিশুরাই এতে বেশি আক্রান্ত হয়। সরকারের তথ্য বলছে, সোমবার সকাল ৮টা পর্যন্ত গত ২৪ ঘণ্টায় সারা দেশে নতুন করে ৯৬৭ জনের শরীরে হামের উপসর্গ দেখা দিয়েছে। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত দেশে হামের উপসর্গ দেখা গেল ১ লাখ ৩১ হাজার ৫০ জনের। গত ২৪ ঘণ্টায় মৃত্যুদ করে আরও ১১৩ জনের শরীরে হাম শনাক্ত হয়েছে। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে সোমবার পর্যন্ত দেশে হামে আক্রান্ত রোগীর সংখ্যা ১৬ হাজার ৪০৮। হাসপাতালে ভর্তির তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামের উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছে ১ লাখ ১৩ হাজার ৫২২ জন। তাদের মধ্যে চিকিৎসা শেষে সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছে ১ লাখ ৯ হাজার ১৭৯ জন।

পটুয়াখালীতে সরকারি বনের

উপজেলার চরহায়দার ফরেস্ট ক্যাম্পের আওয়াতাবানি আলগার চর বনে কিছু অসাড় গাছ ব্যবসায়িটার গাছ কাটছেছে এমন গোপন সংবাদের ভিত্তিতে বিট অফিসার উপজেলা বন কর্মকর্তাকে অবহিত করলে তিনি দশমিনা থানা পুলিশের সহযোগিতায় অভিযান পরিচালনা করে গাছ কাটা অবস্থায় চার জনকে গ্রেফতার করেন। এ সময় গাছ কাটাের তরু উর্বেলোর চরহায়দার ফরেস্ট ক্যাম্পের আওয়াতাবানি আলগারেরে বণ থেকে গাছ কাটছে। খবর পেয়ে আমি উপজেলা বন কর্মকর্তাকে বিষয়টি জানালে তিনি দশমিনা থানা পুলিশ নিয়ে আসলে আমরা ঘটনা স্থলে গিয়ে বনের গাছ কাটা অবস্থায় চারজনকে গ্রেফতার করি। তাদের চার জনের বিরুদ্ধে আদি বাদী হয়ে বন সংরক্ষণ আইনে মামলা দায়ে করি।

